এন্ট্রি লেভেলে চার শতাধিক লোক নিচ্ছে গুগল ...পৃঃ ৪

কর্মক্ষেত্র তথ্যভাণ্ডার ...পৃঃ ১১

# কর্মক্ষেত্র

ISSN 0971-7765

ডব্লু বি সি এস প্রিলিমিনারি
পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর ...পৃঃ ৮

বর্ষ ৪৬ সংখ্যা ৩৪ কলকাতা বুধবার, ১৮ মার্চ ২০২৬/১ বাঙালির কর্মজীবনের প্রবেশপথ ৩ চৈত্র ১৪৩২ দাম ৬.০০ টাকা ১২ পাতা R. N. 37120/80

## রেলে ১১১২৭ অ্যাসিস্ট্যান্ট লোকো পাইলট

দেশ জুড়ে অ্যাসিস্ট্যান্ট লোকো পাইলট পদে ১১,১২৭ জনকে নেবে ভারতীয় রেল। এই নিয়োগের সেন্ট্রালাইজড এমপ্লয়মেন্ট নোটিস নম্বর: 01/2026.

**আবেদনের যোগ্যতা:** সাধারণত মাধ্যমিক, সঙ্গে নির্দিষ্ট ট্রেডে আইটিআই বা অ্যাক্ট অ্যাপ্রেন্টিসশিপ কোর্স পাশ প্রার্থীরা বা ইঞ্জিনিয়ারিংয়ের নির্দিষ্ট শাখায় ডিপ্লোমা পাশ প্রার্থীরা আবেদন করতে পারেন। **বয়স:** ১-৭-২০২৬ তারিখে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। **বেতনক্রম:** সপ্তম বেতন কমিশনের লেভেল-২ অনুসারে। মেডিক্যাল স্ট্যান্ডার্ড হতে হবে এ-ওয়ান মানের।

দেশের ২১টি রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ড (আরআরবি) এই নিয়োগ প্রক্রিয়ায় অংশগ্রহণ করছে। এর মধ্যে এ রাজ্যের আরআরবিগুলি হল কলকাতা, মালদা ও শিলিগুড়ি।

অনলাইন আবেদন গ্রহণ প্রক্রিয়া চলবে ১৫ মে থেকে ১৪ জুন পর্যন্ত। প্রার্থীরা যে-কোনও একটি রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের শূন্যপদে দরখাস্ত করবেন। যে-আরআরবি-র শূন্যপদে আবেদন করতে চান, সেই আরআরবি-র নির্দিষ্ট ওয়েবসাইটেই দরখাস্ত সাবমিট করতে হবে। তাই এখানে পশ্চিমবঙ্গের আরআরবি-র ওয়েব-সাইটগুলির লিঙ্ক দেওয়া হল: www.rrbkolkata.gov.in (কলকাতা আরআরবি), www.rrbsiliguri.gov.in (শিলিগুড়ি আরআরবি), www.rrbmalda.gov.in (মালদা আরআরবি)।

এই নিয়োগের বিশদ বিজ্ঞপ্তি এখনও প্রকাশিত হয়নি। প্রার্থীদের প্রস্তুতির সুবিধার্থে এই খবর আগাম জানানো হল। বিজ্ঞপ্তি প্রকাশিত হলে তা কর্মক্ষেত্র-য় জানানো হবে।

আগ্রহী প্রার্থীরা চোখ রাখুন উপরোক্ত ওয়েবসাইটগুলিতে।

## কেন্দ্রীয় সরকারে ১৩৫৮ এমবিবিএস ডাক্তার

### কম্বাইন্ড মেডিক্যাল সার্ভিসেস এক্সামিনেশন ২ অগস্ট

১,৩৫৮ জন এমবিবিএস ডিগ্রিধারী ডাক্তার নেওয়া হবে ভারত সরকারের বিভিন্ন মেডিক্যাল সার্ভিসে। প্রার্থী বাছাই করা হবে 'কম্বাইন্ড মেডিক্যাল সার্ভিসেস এক্সামিনেশন, ২০২৬'-এর মাধ্যমে। পরীক্ষা নেবে ইউনিয়ন পাবলিক সার্ভিস কমিশন। লিখিত পরীক্ষা ২ অগস্ট। কলকাতা-সহ দেশের বিভিন্ন শহরে লিখিত পরীক্ষা আয়োজিত হবে। লিখিত পরীক্ষায় সফল হলে ইন্টারভিউ। এই নিয়োগের এক্সামিনেশন নোটিস নম্বর: 09/2026-CMS.

চাকরি হবে সেন্ট্রাল হেল্‌থ সার্ভিসেস, রেল ও দিল্লির মিউনিসিপ্যাল কাউন্সিল ও কর্পোরেশনে। শূন্যপদের বিন্যাস: **ক্যাটেগরি-১:** মেডিক্যাল অফিসার্স গ্রেড ইন জেনারেল ডিউটি এবং মেডিক্যাল অফিসার্স সাব-ক্যাডার অব সেন্ট্রাল হেল্‌থ সার্ভিস: ৮৬৪টি। **ক্যাটেগরি-২:** অ্যাসিস্ট্যান্ট ডিভিশনাল মেডিক্যাল অফিসার ইন দ্য রেলওয়েজ: ৪৫০টি। জেনারেল ডিউটি মেডিক্যাল

*এরপর দুয়ের পাতায়*

## সশস্ত্র সীমা বলে ১০৫৭

### কনস্টেবল ও হেড কনস্টেবল

কনস্টেবল ও হেড কনস্টেবল পদে ১,০৫৭ জনকে নেবে সশস্ত্র সীমা বল। নিয়োগ করা হবে ড্রাইভার, বার্বার, ওয়াশারম্যান-সহ বিভিন্ন ক্যাটেগরিতে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 524/RC/SSB/Combined Advt./CT to SI (Non-GD)/2025.

**শূন্যপদের বিবরণ: কনস্টেবল:** ভেটেরিনারি ৩৪টি। ড্রাইভার ৫৫৩টি। গার্ডেনার ৪১টি। ওয়াটার ক্যারিয়ার ৫টি। কবলার ২৫টি। টেলর ৪১টি। ওয়াশারম্যান ৭৪টি। বার্বার ৪৩টি। ওয়েটার ৩টি। কার্পেন্টার ৭টি।

*এরপর চারের পাতায়*

## ভাণ্ডারা অর্ডন্যান্স ফ্যাক্টরিতে ৪০০ ডেঞ্জার বিল্ডিং ওয়ার্কার

ডেঞ্জার বিল্ডিং ওয়ার্কার পদে ৪০০ জনকে নেবে ভাণ্ডারা অর্ডন্যান্স ফ্যাক্টরি। এটি প্রতিরক্ষা মন্ত্রকের অধীনস্থ একটি সংস্থা। প্রাথমিক ভাবে নিয়োগ করা হবে ১ বছরের চুক্তিতে। প্রয়োজন অনুসারে চুক্তির মেয়াদ ৪ বছর পর্যন্ত বাড়ানো হতে পারে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: GA/Hire/152/05/2026.

ক্যাটেগরি অনুসারে শূন্যপদ: সাধারণ ১৭৬, তফসিলি জাতি ৪০, তফসিলি উপজাতি ৩৬, ওবিসি ১০৮, আর্থিক ভাবে অনগ্রসর ৪০। এর মধ্যে ৪০টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত হবে।

**শিক্ষাগত যোগ্যতা:** দেশের কোনও অর্ডন্যান্স ফ্যাক্টরি বা সরকারি বা স্বীকৃত বেসরকারি প্রতিষ্ঠানে অ্যাটেন্ড্যান্ট অপারেটর কেমিক্যাল প্লান্ট ট্রেডে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং নিয়ে থাকতে হবে এবং এনসিভিটি (পূর্বতন এনসিটিভিটি) স্বীকৃত ন্যাশনাল অ্যাপ্রেন্টিসশিপ সার্টিফিকেট থাকতে হবে। আইএমসিপি, এমএমসিপি, এলএসিপি, প্রোসেস প্লান্ট অপারেটর, ফিটার জেনারেল, মেশিনিস্ট, টার্নার, শীট মেটাল ওয়ার্কার, ইলেক্ট্রিশিয়ান, ইলেক্ট্রনিক মেকানিক, বয়লার অ্যাটেন্ড্যান্ট, মেকানিক ইন্ডাস্ট্রিয়াল ইলেক্ট্রনিক্স, রেফ্রিজারেশন অ্যান্ড এয়ারকন্ডিশনিং মেকানিক ট্রেডে ন্যাশনাল অ্যাপ্রেন্টিসশিপ সার্টিফিকেট থাকলেও আবেদন করতে পারেন।

**বয়স:** ২৮-৩-২০২৬ তারিখে

*এরপর দুয়ের পাতায়*

## ভারতীয় নৌবাহিনীতে নাবিক

বেশ কিছু তরুণকে নাবিক পদে নিয়োগ করবে ভারতীয় নৌবাহিনী। প্রার্থীকে অবিবাহিত হতে হবে। সিনিয়র সেকেন্ডারি রিক্রুটস ক্যাটেগরিতে ট্রেনিং দিয়ে নিয়োগ করা হবে মেডিক্যাল ব্রাঞ্চে। ট্রেনিং হবে আইএনএস চিলিকায়। ০২/২০২৭ ব্যাচে ট্রেনিং শুরু হবে ২০২৭ সালের মে মাসে।

**শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ বিজ্ঞান শাখায় উচ্চ মাধ্যমিক পাশ। উচ্চ মাধ্যমিকে ফিজিক্স, কেমিস্ট্রি এবং বায়োলজি পড়ে থাকতে হবে ও প্রতিটি বিষয়ে অন্তত ৪০ শতাংশ করে নম্বর পেয়ে থাকতে হবে। এ বছরের উচ্চ মাধ্যমিক পরীক্ষার্থীরাও শর্তসাপেক্ষে আবেদন করতে পারেন।

**বয়স:** জন্মতারিখ হতে হবে ১-৫-২০০৫ থেকে ৩১-১০-২০০৯-এর মধ্যে।

**দৈহিক মাপজোক:** উচ্চতা ১৫৭ সেমি। **দৃষ্টিশক্তি:** চশমা ছাড়া উভয় চোখে ৬/১২ ও চশমা-সহ উভয় চোখে ৬/৬। রং চেনার ক্ষমতা সিপি পাশ মানের হতে হবে।

প্রার্থী বাছাই করা হবে দুই পর্যায়ে। প্রথম পর্যায়ে থাকবে অনলাইন কম্পিউটার-ভিত্তিক পরীক্ষা (ইন্ডিয়ান নেভি এন্ট্রান্স টেস্ট)। দ্বিতীয় পর্যায়ে

*এরপর চারের পাতায়*

## ভারতীয় নৌবাহিনীতে অগ্নিবীর

ট্রেনিং দিয়ে বেশ কিছু 'অগ্নিবীর' নিয়োগ করবে ভারতীয় নৌবাহিনী। ম্যাট্রিক রিক্রুটস (এমআর) এবং সিনিয়র সেকেন্ডারি রিক্রুটস (এসএসআর) ক্যাটেগরিতে নিয়োগ করা হবে। অবিবাহিত তরুণ-তরুণীরা আবেদন করতে পারবেন। চার বছরের চুক্তিতে প্রার্থীদের নিয়োগ করা হবে। আইএনএস চিলিকায় ট্রেনিং দেওয়া হবে দু'টি ব্যাচে— ০১/২০২৭ (ট্রেনিং শুরু হবে এ বছরের ডিসেম্বরে), ০২/২০২৭ (ট্রেনিং শুরু হবে ২০২৭-এর মে মাসে)।

**শিক্ষাগত যোগ্যতা:** ম্যাট্রিক রিক্রুটস (এমআর)-এর ক্ষেত্রে: মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ মাধ্যমিক। সিনিয়র সেকেন্ডারি রিক্রুটস (এসএসআর)-এর ক্ষেত্রে: বিজ্ঞান শাখায় উচ্চ মাধ্যমিক। প্রার্থীকে অবশ্যই অঙ্ক ও ফিজিক্স পড়ে থাকতে হবে। অথবা মেকানিক্যাল বা অটোমোবাইলস বা ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং বা কম্পিউটার সায়েন্স বা ইনস্ট্রুমেন্টেশন টেকনোলজি বা ইনফর্মেশন টেকনোলজিতে ৩ বছরের ডিপ্লোমা। অথবা ফিজিক্স ও ম্যাথমেটিক্স সহ ২ বছরের ভোকেশনাল কোর্স পাশ। সব ক্ষেত্রেই প্রার্থীকে মোট অন্তত ৫০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে।

**জন্মতারিখ:** ০১/২০২৭ ব্যাচের ক্ষেত্রে ১-১২-২০০৪ থেকে ৩১-৫-২০০৯-এর মধ্যে হতে হবে। ০২/২০২৭ ব্যাচের ক্ষেত্রে ১-৫-২০০৫ থেকে

*এরপর তিনের পাতায়*

## দেশ জুড়ে আইসিআইসিআই ব্যাঙ্কে অ্যাপ্রেন্টিসশিপ

### ফ্রেশ গ্র্যাজুয়েটরা আবেদন করতে পারেন

বিভিন্ন শাখায় অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং দেবে আইসিআইসিআই ব্যাঙ্ক। ফ্রেশার গ্র্যাজুয়েটরা প্রশিক্ষণ নেওয়ার জন্য আবেদন করতে পারেন। ব্যাঙ্কের তরফে জানানো হয়েছে, ১ বছরের এই প্রশিক্ষণে ব্যাঙ্কিং পরিষেবার বিভিন্ন শাখায় হাতে-কলমে কাজ শেখার সুযোগ রয়েছে। ট্রেনিংয়ের সময় মাসে ১২,৩০০ টাকা করে স্টাইপেন্ড পাওয়া যাবে।

**শিক্ষাগত যোগ্যতা:** যে-কোনও শাখার গ্র্যাজুয়েট।

**বয়স:** ২৮ বছরের মধ্যে হতে হবে।

ফিনানশিয়াল ম্যানেজমেন্ট, কাস্টমার সার্ভিস এবং ব্যাঙ্কিং অপারেশনসের বিশেষ প্রশিক্ষণ দেওয়া হবে। অ্যাপ্রেন্টিসশিপ করা থাকলে ব্যাঙ্কিং ক্ষেত্রে চাকরি পেতে সুবিধা হবে। আইসিআইসিআই ব্যাঙ্কেও চাকরি পাওয়ার সম্ভাবনা থাকে। আগ্রহীরা অ্যাপ্রেন্টিসশিপের জন্য এখনই আবেদন করতে পারেন এই ওয়েবসাইটের মাধ্যমে: https://www.icicicareers.com/CareerApplicant/career/job-listing/

ফুরোবার আগেই সংগ্রহ করুন




ও আরও অনেক কিছু

*স্বনির্ভরতার সন্ধান*

## সয়াবিন বড়ি ও দুধের ব্যবসা



**দামে সস্তা আর পুষ্টিতে ঠাসা খাবারের তালিকায় প্রথমেই আসবে সয়াবিনের নাম। বাজারে সয়াবিনের বড়ির চাহিদা থাকে সব সময়। নামী সংস্থার সয়াবিনের পাশাপাশিই স্থানীয় ভাবে তৈরি সয়াবিন বড়িরও দারুণ কাটতি। ঘরে বসে মেশিনে তৈরি সয়াবিনের বড়ি ও সয়াবিনের দুধের ব্যবসা খুবই লাভজনক।**

**নিজস্ব প্রতিনিধি:** সয়াবিন থেকে তৈরি নানা খাবার অত্যন্ত পুষ্টিকর ও উপকারী। সয়াবিন দামেও সস্তা। যে-কোনও বয়সের ও আর্থিক ক্ষমতার মানুষ সহজে পুষ্টি পেতে সয়াবিন থেকে প্রস্তুত নানা ধরনের খাবার রোজকার ডায়েটে রাখতে পারেন। সয়াবিনে থাকা লেসিথিন রক্তচাপ স্বাভাবিক রেখে হার্ট ও মস্তিষ্ককে স্বাস্থ্যোজ্জ্বল রাখতে সাহায্য করে। সয়াবিনে আছে আইসোফ্লাভন ও লেসিথিন, দু'টিই জোরালো অ্যান্টি-অক্সিড্যান্ট। এগুলি কোলেস্টেরলের মাত্রা স্বাভাবিক রাখতে সাহায্য করে। এছাড়াও সয়াবিনের পুষ্টিগুণ আমাদের রোগ প্রতিরোধ ক্ষমতা বাড়িয়ে দেয়। সেজন্যই আমাদের দেশে সরকারি স্কুলে মিড-ডে মিলে সয়াবিন রাখা হয়। কাঁচা সয়াবিনের

*এরপর দুয়ের পাতায়*

# কর্মক্ষেত্র

## শ্রেণিবদ্ধ বিজ্ঞাপন

### কর্মখালি

**Manager post in Reputed MNC** for Retd/ VRS/ Housewife/ Businessman/Freshers. 25-70, HS+. Salary 10K-60K+PF+Bonus+ Medical. 93309-37941.

□

**Urgently reqd in MNC for SR.** Post. Retd/VRS (Govt/Pvt/Bank/ Rly/ PSU/ BSF). Age 25-70, HS+. (20K-35K/ PM)+ PF+ ESI+ Medical. 93300-49121.

□

**কলকাতার নামী অফিসের জন্য বেসিক** Comp. জানা অফিস স্টাফ প্রয়োজন। Fixed 60K. এটা কোনও Insurance Sales না, Totally অফিসে বসে কাজ। 95935-79277.

□

**Wanted Sales Manager, Salesman, Food Chemist for Food and** Beverage Firm. Whatsapp CV to 96749-47107, Email: neuradharani @gmail.com

□

**Graduate/Diploma Site Engineers** (Civil) exp in Govt projects reqd by reputed construction company. Email CV to: gomu641 @gmail. com

□

**Required fresher/ experienced** Tele callers for Political Campaign. No sales target, Salary negotiable, Call- 98307-97999 between 11 AM to 6 PM.

□

**Reputed Banking Gr.-র কলি** অফিসে Part-Time কাজে Retd/VRS/ গভঃ/PSU/Ex-Army/গৃহবধূ/ব্যবসায়ী 40-65yr-দের সসম্মানে আয়ের সুযোগ। 94331-89588.

□

### কর্মখালি

**Renowned Appliances Co. Water** Purifier Dept. wanted experience Sale Executive. Fixed Sal 15-35K+TA+Inc, fresher Welcome 98303-39599.

□

**ডালহৌসিতে হার্ডওয়্যার ফার্মে অফিস** বয় (বয়স ২০-২৫) প্রয়োজন মাসিক 7000/-, Email: hardware.cbm40@ gmail.com

□

**Hiring Call operator for inbound** & outbound process. Contact no: 94337-30313, Email Id: pentware@gmail.com

□

**কলকাতার বিখ্যাত জুয়েলারি সংস্থার,** উত্তর কলকাতা, উত্তরপাড়া, কোন্নগর, শ্রীরামপুর ও চন্দননগর শাখার জন্য, Sales Person (Male/Female) প্রয়োজন। বাঞ্ছনীয় বেতন উল্লেখ করে ছবিসহ বায়োডাটা পাঠান। Mail: tirtha05das@gmail.com

□

**Interiors Company-তে পাঁচ বছরের** অভিজ্ঞতা সম্পন্ন একজন সুপারভাইজার চাই। অবশ্যই Corporate-এ কাজের অভিজ্ঞতা থাকতে হবে। M-98303-76400.

□

**Required Mech. Draughtsman** with CAD- Fresh/Retd. person. Email ID: gautam.chaudhuri56@ gmail.com/ Ph: 98308-08775.

□

**Wanted counter sales women for** a jewellery store south Kolkata. Send CV stating expected salary to info@jkchandrajewellers.com

□

**সিকিউরিটি গার্ড চাই ৬ জন (পুরুষ)।** বয়স: ৩০-৪৫, উচ্চতা ৫'৬", বেতন: 14,000/- + ESI/PF সহ। নিউটাউন বিশ্ববাংলা গেট। G force: 98302-02111.

□

### কর্মখালি

**কলিকাতার Company-তে কর্মী** প্রয়োজন। সার্ভিস টেকনিশিয়ান 1. I.T.I./ Graduate, দুই/তিন বছরের অভিজ্ঞতা। ফ্রেশার Trainee হিসেবে নেব, 2. অফিস পিওন ৫০-এর নীচে। 3. সিকিউরিটি-বাড়ি ও অফিস দেখাশোনা বয়স ৫০-এর নীচে। আকর্ষণীয় বেতন, ভাতা, ড্রেস, জেলার প্রার্থীদের Accommodation ফোন: 83349-75704/WhatsApp 62914-40382.

□

**Chemistry ও Maths Editor চাই**

**Chemistry ও Mathematics-এ** Honours Graduate Editor চাই। CV এবং মাধ্যমিক, উচ্চমাধ্যমিক ও Graduation-এর marksheets Email করুন: rayandmartineditor@gmail. com-এ। 6C, রমানাথ মজুমদার স্ট্রিট। কল-৯। কলেজ স্ট্রিটে কলেজ স্কোয়ারের কাছে।

□

**Dorado System Lift কোম্পানিতে** মার্কেটিং কাজের জন্য কলকাতাতে কর্মী প্রয়োজন। সত্বর যোগাযোগ করুন। (91473-67771/83350-39319).

□

**ক্যালকাটা ট্যালেন্ট সার্চ স্কুলে টালিগঞ্জে** কম্পিউটার জানা অনূর্ধ্ব ৪০ মহিলা অফিস কর্মী ও পুরুষ মার্কেটিং কর্মী চাই। বায়োডাটা হোয়াটসঅ্যাপ করুন: 98748-13171.

□

**E Book.Com @ স্বগৃহে ফ্রি টাইমে** Project লিখে/Biodata, ফর্ম ফিলাপ লিখে/Comp, ল্যাপটপ/স্মার্ট ফোনে টাইপ। 6K সপ্তাহে আয়। 62911-59330, 94335-61720.

□

### কর্মখালি

**Teachers Requires PGT** (Geography, Pol SC), TGT (English, SS), Primary (All subjects), Spoken English, Skill Educator Delhi NCR, Salary & Lodging Sunhill Academy School, Tijara (Raj) sunhillacademykgb10 @gmail.com M. 90791-10817.

□

**সোনা রুপার দোকানে কাউন্টার** সেলসম্যান (পুরুষ) চাই। কলিস্থ প্রার্থী অগ্রগণ্য। ঠিকানা-AE 336, সল্টলেক সেক্টর-1, Kol-64 কোয়ালিটি বাসস্টপের কাছে 98311-85454.

□

**Dr. Graham's Homes Kalimpong** Requires Hostel Wardens. Please refer to the School Website for further details. School website: drgrahamshomes.net

□

**Corporate Sector-এ অবসর সময়ে** Retd/VRS/ ব্যবসায়ী/গৃহবধূরা Part/ Full Time কাজ করুন। Fixed Salary+PF+ESI+Bonus. HS+, 25-70yr. 82407-02109.

□

**Multiple Male Female staffs req.** in JADAVPUR office. No sales no target. Salary 8,000. Basic computer must. URGENT- 90514-11111.

□

**আপনি কি অবসরপ্রাপ্ত? অবসর সময়ে** উচ্চ আয় করুন। Retd/VRS/ ব্যবসায়ীদের পার্টটাইম Manager পদ। 5Lac/PA+Foreign Trip. H.S+, 45-70. শম্পা-90518-56051.

□

**Wanted Engineer Exp. in Panel** Wiring, Drawing and BOM Preparation. Exp. Fitter Electrician, Senior Accountant for Pump company at Kolkata. Send CV: 62923-12866.

□

### কর্মখালি

**Reputed Engg. Firm, S. Kolkata** requires Accountant, Welder, Tendering/ Sales Exe. Call 98317-84133, 87770-87148, prithviraj@ ieplant.co.in

□

**T.C. Peon স্টোরকিপার, Mngr,** রিসেপশনিস্ট, সুপারভাইজার, ক্যাশিয়ার, প্যাকিং-এর জন্য M/F চাই বেতন 16K-35K OT সহ ESI PF বালাজী এন্টারপ্রাইস 90513-53006.

□

**ভালো বাঙালিয়ানা রান্নার কুক চাই।** ভোজন রসিক কোলকাতা, কলকাতা বিমানবন্দরের নিকটে। M-98303-41205/ 90518-03774/ 98317-55448.

□

কর্মক্ষেত্রর আগামী সংখ্যার জন্য বিজ্ঞাপন নেওয়া হবে ২১ মার্চ দুপুর ২টো পর্যন্ত।

□□□

১ এপ্রিলের কর্মক্ষেত্রর জন্য বিজ্ঞাপন নেওয়া হবে ২৮ মার্চ দুপুর ২টো পর্যন্ত।

□□□

বিজ্ঞাপন দিতে আগ্রহীরা যোগাযোগ করুন: ৮৯৬১২-৪২৬২৯

### কর্মখালি

**STRESSLESS JOB for Govt/PSU/** Bank/Retd/VRS (HS+, 35-65)-দের জন্য সম্মানের সঙ্গে কলকাতায় অফিসে বসে উচ্চ আয়ের সুযোগ। M: 86172-60189/ 79801-01938.

□

**স্মার্ট ২০-২৭ এর মধ্যে মাধ্যমিক পাশ** বাড়ির জন্য গভর্নর/গভর্নেস চাই। মাহিনা: 16.000.-, থাকা-খাওয়া ফ্রি। 74399-41717.

□

**Need 2 candidates for Burger** Store @ South Kolkata. Salary 10k to 12k. Contact 86172-58672 Between 9am to 6pm Email: dalmiyaagro1@gmail.com

□

**Dental La at Baguihati Reqd.** Dental Trainee Technician (M/F) (Fresher) & Delivery + Marketing Exe (M) (with Bike) (Mon-Sat), Call: 98301-27068, (12 pm-9 pm).

**DISCLAIMER**
**SWARNAKSHAR PRAKASANI PVT. LTD.**
**assumes no responsibility for the authenticity or reliability of any advertisement published in this newspaper. The advertisements carried in the newspaper are accepted on good faith.**

**পাঠকের প্রতি**

**কোনও বেসরকারি প্রতিষ্ঠানের বিজ্ঞাপনের উত্তরে আবেদন বা সাক্ষাৎ করার সময় কোনওরকম টাকা চাওয়া হলে সেই টাকা দেওয়া সম্পূর্ণ ন্যায়সঙ্গত কিনা সেবিষয়ে পুরোপুরি নিশ্চিত না হয়ে টাকা দেবেন না। যে-কোনও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হওয়ার আগে সংস্থাটির যাবতীয় স্বীকৃতিপত্র যাচাই করে নেওয়া সঙ্গত। বিজ্ঞাপনদাতারা কোনও প্রতিশ্রুতি পালনে ব্যর্থ হলে তার জন্য প্রকাশক, মুদ্রক, সম্পাদক এবং স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড-এর মালিকপক্ষকে কোনওভাবেই দায়ী করা যাবে না।**

# কলকাতা পুরসভায় মেডিক্যাল অফিসার

মেডিক্যাল অফিসার (জেনারেল) পদে ৪১ জনকে নেবে কলকাতা পুরসভা। প্রার্থী বাছাই করবে ওয়েস্ট বেঙ্গল মিউনিসিপ্যাল সার্ভিস কমিশন। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: ০৩/২০২৬।

**শূন্যপদের বিন্যাস:** সাধারণ ৯, সাধারণ-দৈহিক প্রতিবন্ধী ২, তফসিলি জাতি ৬, তফসিলি উপজাতি ৮, ওবিসি-এ ১০, ওবিসি-বি ৪, আর্থিক ভাবে অনগ্রসর ২)।

**শিক্ষাগত যোগ্যতা:** স্বীকৃত প্রতিষ্ঠান থেকে এমবিবিএস। প্রার্থীর নাম মেডিক্যাল কাউন্সিলে নথিভুক্ত থাকতে হবে। সেই সঙ্গে সংশ্লিষ্ট ক্ষেত্রে ১ বছরের অভিজ্ঞতা থাকা বাধ্যতামূলক। স্নাতকোত্তর ডিগ্রি, ডিপিএইচ বা এমডি (কমিউনিটি মেডিসিন) বা এমডি (পিএসএম) থাকলে অগ্রাধিকার।

**বয়স:** ১-১-২০২৬ তারিখে ৩৭ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ওবিসিরা ৩ ও দৈহিক প্রতিবন্ধীরা ৮ বছরের ছাড় পাবেন।

**বেতন:** পশ্চিমবঙ্গ সরকারের রিভিশন অব পে অ্যান্ড অ্যালাওয়েন্স অনুসারে লেভেল-১৬।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.mscwb.org অনলাইন দরখাস্তের শেষ তারিখ ১৭ এপ্রিল।

অনলাইনে ফি বাবদ দিতে হবে ২০০ টাকা (তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৫০ টাকা)।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# ভান্ডারা অর্ডন্যান্স ফ্যাক্টরিতে ৪০০

*প্রথম পাতার পর*

১৮ থেকে ৪০ বছরের মধ্যে হতে হবে। সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

বেতন: ১৯,৯০০ টাকা, সঙ্গে অন্যান্য সুযোগ-সুবিধা।

প্রাথমিক ভাবে মেধার ভিত্তিতে বাছাই করা প্রার্থীদের নির্বাচিত করা হবে ট্রেড টেস্টের মাধ্যমে।

দরখাস্ত করতে হবে নির্দিষ্ট বয়ানে। দরখাস্তের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: https://munitionsindia.in প্রার্থীর চালু ই-মেল আইডি ও মোবাইল নম্বর থাকতে হবে। দরখাস্ত পূরণ করবেন যথাযথ ভাবে।

## পূরণ করা দরখাস্তের সঙ্গে দেবেন

- ✓দরখাস্তের নির্দিষ্ট স্থানে প্রার্থীর একটি সম্প্রতি তোলা পাসপোর্ট মাপের ফটো সেঁটে দেবেন ও ফটোর উপর সই করে দেবেন। আরও ১ কপি ফটোর পিছনে প্রার্থীর নাম ও জন্মতারিখ লিখে দরখাস্তের সঙ্গে গেঁথে দেবেন।
- ✓বয়স এবং শিক্ষাগত যোগ্যতার যাবতীয় নথিপত্রের স্বপ্রত্যয়িত নকল।
- ✓কাস্ট এবং ওবিসি সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল।
- ✓দৈহিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল।
- ✓আর্থিক ভাবে অনগ্রসর প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল।
- ✓কাজের অভিজ্ঞতার সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল (থাকলে)।

প্রয়োজনীয় নথিপত্র-সহ পূরণ করা দরখাস্ত-ভরা খামের উপর লিখবেন "APPLICATION FOR THE POST OF DBW Personnel on Tenure Basis." দরখাস্ত ২৮ মার্চের মধ্যে ডাকে পৌঁছতে হবে এই ঠিকানায়: The Chief General Manager, Ordnance Factory Bhandara, District: Bhandara, Maharashtra, Pin-441906.

বিশদ তথ্যের জন্য আগ্রহীরা দেখুন এই ওয়েবসাইট: https://munitionsindia.in

# কেন্দ্রীয় সরকারে ১৩৫৮

*প্রথম পাতার পর*

অফিসার ইন নিউ দিল্লি মিউনিসিপ্যাল কাউন্সিল: ১৪টি।জেনারেল ডিউটি মেডিক্যাল অফিসার-গ্রেড-টু ইন মিউনিসিপ্যাল কর্পোরেশন অব দিল্লি: ৩০টি।

যোগ্যতা: এমবিবিএস ডিগ্রি। যাঁরা ফাইনাল পরীক্ষা দিয়ে ফলের অপেক্ষায় রয়েছেন অথবা যাঁরা ফাইনাল পরীক্ষা দিতে চলেছেন তাঁরাও আবেদনের যোগ্য। কম্পালসারি রোটেটিং ইন্টার্নশিপ সম্পূর্ণ না করে থাকলেও আবেদন করা যাবে। তবে সফল ভাবে ইন্টার্নশিপ শেষ করার পরই প্রার্থী নিয়োগের জন্য বিবেচিত হবেন।

**বয়স:** ১-৮-২০২৬ তারিখে ৩২ বছরের মধ্যে। সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীরা কেন্দ্রীয় সরকারের নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

লিখিত পরীক্ষা ৫০০ নম্বরের। ২৫০ নম্বর করে দু'টি ভাগে পরীক্ষা হবে। প্রতি ভাগের জন্য বরাদ্দ সময় ২ ঘণ্টা। লিখিত পরীক্ষায় সফল হলে ১০০ নম্বরের ইন্টারভিউ নেওয়া হবে। লিখিত পরীক্ষার সিলেবাস পাবেন ইউপিএসসি-র এই ওয়েবসাইট লিঙ্কে: https://upsc.gov.in/exams-related-info/exam-notification

অনলাইন আবেদন করবেন এই ওয়েবসাইটের মাধ্যমে: https://upsconline.nic.in/ অনলাইন আবেদনের শেষ দিন ৩১ মার্চ। প্রার্থীর চালু ই-মেল আইডি থাকতে হবে। মনে রাখবেন, দরখাস্ত করার সময় প্রার্থীকে তাৎক্ষণিক ছবি বা লাইভ ফটো তুলতে হবে। এছাড়াও অনলাইন দরখাস্ত পূরণের সময় প্রার্থীর স্ক্যান করা ফটো (জেপিজি ফর্ম্যাটে ২০-২০০ কেবি সাইজের মধ্যে) ও সই (জেপিজি ফর্ম্যাটে ২০-১০০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে।

অনলাইনে আবেদনের ফি বাবদ দিতে হবে ২০০ টাকা। ডেবিট কার্ড (রুপে/ভিসা/মাস্টার কার্ড/মায়েস্ট্রো) বা ক্রেডিট কার্ড বা ইন্টারনেট ব্যাঙ্কিং বা ইউপিআইয়ের মাধ্যমে ফি জমা দেওয়া যাবে। ফি জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড ই-রিসিটের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রেখে দেবেন। পরে প্রয়োজন হবে। মহিলা, তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ফি লাগবে না।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: www.upsc.gov.in

# সয়াবিন বড়ি ও দুধের ব্যবসা

*প্রথম পাতার পর*

দানা থেকে তৈরি হয় সয়াবিনের বড়ি, দুধ, ছানা। সবচেয়ে বেশি বিক্রি অবশ্যই সয়াবিনের বড়ি বা চাঙ্কের। বেকার তরুণ-তরুণীরা সয়াবিনের বড়ি ও দুধ বিক্রি করে উপার্জনের কথা ভাবতে পারেন।

## সয়াবিনের বড়ি বা সয়াবিন চাঙ্ক

সয়াবিনের বড়ির ব্যবসার জন্য দুটো ঘর প্রয়োজন। একটি ঘর ব্যবহার করা যাবে কাঁচামাল মজুত করতে এবং উৎপাদনের পর প্যাকেজিংয়ের জন্য। অন্য ঘরটিতে থাকবে মেশিন।

সয়া বড়ি তৈরির জন্য তিন ধরনের মেশিন পাওয়া যায়— ম্যানুয়াল, সেমি-অটোমেটিক ও সম্পূর্ণ অটোমেটিক। সম্পূর্ণ অটোমেটিক মেশিনে একসঙ্গে অনেক সয়া বড়ি উৎপাদন করা যায়। এর জন্য জায়গাও বড় লাগে। এই মেশিনের দাম বাকি দু' ধরনের মেশিনের চেয়ে অনেকটাই বেশি। প্রথমেই সম্পূর্ণ স্বয়ংক্রিয় মেশিন না কেনাই ভালো। গ্রাইন্ডার, ড্রায়ার, প্যাকেজিং মেশিন ইত্যাদি নিয়ে ম্যানুয়াল মেশিনের সেটের দাম পড়বে এক থেকে দেড় লক্ষ টাকা। সেমি-অটোমেটিক মেশিনের দাম পড়বে আড়াই থেকে সাড়ে তিন লক্ষ টাকা।

## সয়াবিনের দুধ

এক কেজি কাঁচা সয়াবিনের দানা থেকে পাওয়া যায় ২৫ লিটার মতো দুধ। সয়াবিনের দুধ তৈরির জন্য প্রয়োজন উৎকৃষ্ট মানের সয়াবিনের দানা এবং পরিশুদ্ধ জল। এক কেজি সয়াবিনের দানা থেকে দুধ তৈরি করতে ২৫ লিটার জলের প্রয়োজন। মেশিনের হপারে প্রথমে পরিমাণ মতো কাঁচা সয়াবিনের দানা দিতে হবে, এরপর মেশিন চালু করলে আপনা থেকেই দুধ তৈরি হয়ে যাবে। দুধ থেকে ছানা ও পনির তৈরির জন্য আলাদা আলাদা 'অ্যাটাচমেন্ট' লাগবে। সয়াবিনের দুধ তৈরির মেশিনের দাম আড়াই লক্ষ টাকার মতো। ২ অশ্বশক্তির মেশিনটি চালাতে ২৩০ থেকে ৪৪০ ভোল্ট বিদ্যুৎ লাগবে।

**মেশিন কোথায় পাবেন:** সয়াবিনের বড়ি ও দুধ তৈরির মেশিন পাওয়া যাবে ভারত মেশিন টুলস ইন্ডাস্ট্রিতে। ঠিকানা: ৬১, গণেশচন্দ্র অ্যাভিনিউ, কলকাতা-৭০০ ০১৩, ফোন-(০৩৩)২২৩৬-৮০১৫, ৯৪৩২৪-২২০৮৬।

# ভারতীয় নৌবাহিনীতে অগ্নিবীর

*প্রথম পাতার পর*

৩১-১০-২০০৯-এর মধ্যে হতে হবে।

দৈহিক মাপজোক: পুরুষ-মহিলা উভয়ের ক্ষেত্রেই উচ্চতা ১৫৭ সেমি। দৃষ্টিশক্তি: চশমা ছাড়া উভয় চোখে ৬/১২। চশমা-সহ উভয় চোখে ৬/৬। রং চেনার ক্ষমতা সিপি পাশ মানের হতে হবে।

**বেতন:** প্রথম বছরে প্রতি মাসে ৩০,০০০ টাকা, দ্বিতীয় বছরে প্রতি মাসে ৩৩,০০০ টাকা, তৃতীয় বছরে প্রতি মাসে ৩৬,৫০০ টাকা এবং চতুর্থ বছরে প্রতি মাসে ৪০,০০০ টাকা।

চার বছরের মেয়াদ শেষে নৌবাহিনীতে শর্তানুসারে চাকরির সুযোগ রয়েছে। সংশ্লিষ্ট ব্যাচের ২৫ শতাংশ অগ্নিবীর নৌবাহিনীতে নাবিক হিসেবে স্থায়ী চাকরির ক্ষেত্রে সংরক্ষণ পাবেন। বাকি ৭৫ শতাংশ অগ্নিবীর অবসরের পর যাতে বিকল্প জীবিকা খুঁজে নিতে পারেন, সে জন্য আর্থিক অঙ্কে বিশেষ 'সেবা নিধি' প্যাকেজ দেওয়া হবে। তবে কোনও পেনশন, গ্র্যাচুইটি বা প্রাক্তন সমরকর্মীর প্রাপ্য সুযোগ-সুবিধা তাঁরা পাবেন না।

প্রার্থী বাছাই করা হবে দুই পর্যায়ে। প্রথম পর্যায়ের পরীক্ষা মে মাসে। প্রথম পর্যায়ে থাকবে অনলাইন কম্পিউটার-ভিত্তিক পরীক্ষা (ইন্ডিয়ান নেভি এন্ট্রান্স টেস্ট)। কম্পিউটার-ভিত্তিক পরীক্ষায় অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন হবে। ম্যাট্রিক রিক্রুটস (এমআর)-এর ক্ষেত্রে প্রশ্ন থাকবে সায়েন্স, ম্যাথমেটিক্স এবং জেনারেল অ্যাওয়্যারনেস বিষয়ে। মোট নম্বর ৫০। সময় ৩০ মিনিট। সিনিয়র সেকেন্ডারি রিক্রুটস (এসএসআর)-এর ক্ষেত্রে প্রশ্ন থাকবে ইংলিশ, সায়েন্স, ম্যাথমেটিক্স এবং জেনারেল অ্যাওয়্যারনেস বিষয়ে। মোট নম্বর ১০০। সময় ১ ঘণ্টা। উভয় ক্ষেত্রেই নেগেটিভ মার্কিং আছে।

দ্বিতীয় পর্যায়ে থাকবে দৈহিক সক্ষমতার পরীক্ষা, লিখিত পরীক্ষা ও মেডিক্যাল টেস্ট।.দ্বিতীয় পর্যায়ের পরীক্ষা ০১/২০২৭ ব্যাচের ক্ষেত্রে অক্টোবরে এবং ০২/২০২৭ ব্যাচের ক্ষেত্রে ২০২৭ সালের মার্চ মাসে।

দৈহিক সক্ষমতার পরীক্ষায় থাকবে ৬ মিনিট ৩০ সেকেন্ডে (মহিলাদের ক্ষেত্রে ৮ মিনিটে) ১.৬ কিলোমিটার দৌড়, ২০টি (মহিলাদের ক্ষেত্রে ১৫টি) স্কোয়াট, ১৫টি (মহিলাদের ক্ষেত্রে ১০টি) পুশ আপ, হাঁটু ভাঁজ করে ১৫টি (মহিলাদের ক্ষেত্রে ১০টি) সিট আপ।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://joinindiannavy.gov.in প্রার্থীর চালু ই-মেল আইডি ও মোবাইল নম্বর থাকতে হবে। আবেদন করা যাবে ৬ এপ্রিল পর্যন্ত।

মনে রাখবেন, অনলাইন আবেদনের সময় প্রার্থীর স্ক্যান করা পাসপোর্ট মাপের ফটো (১০ থেকে ৫০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে। ২০২৬-এর মার্চের আগে তোলা ফটো চলবে না। যেদিন ফটো তোলা হয়েছে সেই তারিখটি এবং প্রার্থীর নাম একটি স্লেটে লিখে সেটিকে সামনে ধরে ফটো তুলতে হবে। এ ছাড়াও অনলাইন দরখাস্তের সময় তাৎক্ষণিক ফটো তুলতে হবে।

পরীক্ষার ফি বাবদ দিতে হবে ৫৫০ টাকা (জিএসটি অতিরিক্ত)। অনলাইন পদ্ধতিতে ভিসা বা মাস্টার বা রুপে ডেবিট বা ক্রেডিট কার্ড বা ইন্টারনেট ব্যাঙ্কিং বা ইউপিআইয়ের মাধ্যমে ফি জমা দিতে হবে।

খুঁটিনাটি তথ্য জানতে দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# কানপুর অর্ডন্যান্স ফ্যাক্টরিতে ১৪৫

এক্সামিনার, ইলেক্ট্রিশিয়ান, মেশিনিস্ট-সহ বিভিন্ন পদে ১৪৫ জনকে নেবে কানপুরের অর্ডন্যান্স ফ্যাক্টরি। এটি কেন্দ্রীয় প্রতিরক্ষা মন্ত্রকের অধীনস্থ একটি সংস্থা। প্রাথমিক ভাবে নিয়োগ করা হবে ১ বছরের চুক্তিতে। প্রয়োজন অনুসারে চুক্তির মেয়াদ ৪ বছর পর্যন্ত বাড়ানো হতে পারে।

শূন্যপদের বিবরণ: মেশিনিস্ট: ১১৬টি। এক্সামিনার (ইঞ্জিনিয়ারিং) ১৪টি। হিট ট্রিটমেন্ট অপারেটর ৩টি। ইলেক্ট্রিশিয়ান/ওয়্যারম্যান ৮টি। ওয়েল্ডার ৪টি।

সরকারি নিয়মানুসারে তফসিলি, ওবিসি, আর্থিক ভাবে অনগ্রসর, প্রতিবন্ধী প্রার্থী ও প্রাক্তন সমরকর্মীদের জন্য শূন্যপদ সংরক্ষিত হবে।

**শিক্ষাগত যোগ্যতা:** মাধ্যমিক, সঙ্গে সংশ্লিষ্ট ট্রেডে ন্যাশনাল ট্রেড সার্টিফিকেট বা ন্যাশনাল অ্যাপ্রেন্টিসশিপ সার্টিফিকেট পেয়ে থাকতে হবে। এক্সামিনারের ক্ষেত্রে মেশিনিস্ট, টার্নার ও মিলার ট্রেড, ওয়েল্ডারের ক্ষেত্রে টিগ বা মিগ ওয়েল্ডার ট্রেডে উপরোক্ত সার্টিফিকেট পেয়ে থাকলে আবেদন করতে পারেন।

**বয়স:** ৮-৪-২০২৬ তারিখে ১৮ থেকে ৩৫ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ওবিসিরা ৩, দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছর এবং প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

**বেতনক্রম:** সপ্তম বেতন কমিশনের লেভেল-১ অনুসারে।

মেশিনিস্ট পদের ক্ষেত্রে নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: OFC/FTC/RECT/2026/01 এবং বাকি পদের ক্ষেত্রে নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: OFC/FTC/RECT/2026/02.

প্রাথমিক ভাবে বাছাই করা প্রার্থীদের নির্বাচিত করা হবে প্র্যাক্টিক্যাল বা ট্রেড টেস্টের মাধ্যমে।

দরখাস্ত করতে হবে নির্দিষ্ট বয়ানে। দরখাস্তের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: https://aweil.in/notice পূরণ করবেন যথাযথ ভাবে। দরখাস্তের নির্দিষ্ট স্থানে প্রার্থীর রঙিন পাসপোর্ট মাপের ফটো সেঁটে দেবেন ও ফটোর উপর সই করে দেবেন।

প্রয়োজনীয় নথিপত্র-ভরা খামের উপর লিখবেন: "APPLICATION FOR THE POST OF ______(ট্রেডের নাম) ON CONTRACT BASIS".

## পূরণ করা দরখাস্তের সঙ্গে দেবেন

✓১০০ টাকার ডিমান্ড ড্রাফট। ড্রাফটটি "ORDNANCE FACTORY KANPUR"-এর অনুকূলে প্রদেয় হতে হবে। তফসিলি, প্রতিবন্ধী এবং প্রাক্তন সমরকর্মীদের কোনও ফি লাগবে না। ✓প্রার্থীর সম্প্রতি তোলা ৩ কপি রঙিন পাসপোর্ট মাপের ফটো। দরখাস্তের নির্দিষ্ট স্থানে একটি ফটো সেঁটে দেবেন। আরও ২ কপি ফটো দরখাস্তের সঙ্গে গেঁথে দেবেন। সব ক'টি ফটোর পিছনেই সই করে দেবেন। ✓বয়স ও শিক্ষাগত যোগ্যতার যাবতীয় নথিপত্রের স্বপ্রত্যয়িত নকল। ✓কাজের অভিজ্ঞতার সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল (থাকলে)। ✓কাস্ট এবং ওবিসি সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল (প্রযোজ্য ক্ষেত্রে)। ✓প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীদের ক্ষেত্রে যথাযথ সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল। ✓অন্যান্য প্রয়োজনীয় নথিপত্র।

দরখাস্ত ৮ এপ্রিলের মধ্যে পৌঁছতে হবে এই ঠিকানায়: The Chief General Manager, Ordnance Factory Kanpur, Kalpi Road, Kanpur, U.P., PIN - 208009. খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

Ramakrishna Mission Shilpamandira Computer Centre
Girls' Campus # Konnagar, Kanaipur, Nawapara, Hooghly- 712 234
Software Programming & Applications with AI 12 Months
Office Automation with AI 6 Months | Spoken English 4 Months
Basic Multimedia 6 Months | Web Designing 4 Months
Madhyamik
Certificate in Financial Accounting (CFA) Tally Essential Level - 1 Certification
Basic Financial Accounting | E-Taxation | Payroll Management 9 + 3 Months
H.S.
NSDC & NIELIT Exams
Admission going on
Girls' & Boys' ☎ 9874779599 visit - rkmscc.org
A Unit of Ramakrishna Mission Saradapitha, Belur Math

MBA & BBA of JADAVPUR UNIVERSITY
INSTITUTE OF BUSINESS MANAGEMENT
The National Council of Education, Bengal
Jadavpur University Main Campus Area , Kolkata-700 032
Admission going on for 2026-2027 session
2 Years MBA (Day) Program (approved by AICTE)
4 Years BBA (NEP) Program (approved by AICTE)
Admission Helplines 6293761021 | 6293761067
6293761021 | 033 - 2414 6224
admission@ibmnce.in
Visit us at www.ibmnce.in
Call between 11.30 am to 7.30 pm




AUTHORIZED NISSAN DEALERS: WEST BENGAL: KOLKATA: AJC BOSE ROAD: AUTORELLI NISSAN- 8291046260, BT ROAD: AUTORELLI NISSAN- 8291102720, DURGAPUR: BANERJEE NISSAN- 9167298557, HOWRAH: AUTORELLI NISSAN- 9619894988, KALYANI: AUTORELLI NISSAN- 8291099405, SILIGURI: NAMAN NISSAN- 8291091830.

*Terms & conditions apply: The scheme/benefits mentioned are applicable on select vehicles/variants of MY'2026 which will be invoiced on or before 31st March 2026 or till stocks last. All prices ex-showroom Delhi. *Features may vary from variant to variant. Colours, models and variants are indicative and for depiction only and may vary due to printing constraints. Accessories shown may not be part of standard fitment. Please visit your nearest Nissan dealer for more information. Financeat sole discretion of NRFSI. *Segment refers to B-SUV models with Length <4m. *Standard warranty 3 year or 100k km whichever comes first and can be extended to 10 years 200K on additional cost. *Offer applicable on Nissan Magnite only and customer needs to provide certificate of deposit. *Government approved CNG Kit fully developed, manufactured & Quality assured by a 3rd Party. CNG kit warranty & any other related terms & conditions are applicable as specified by third party. *GNCAP rating for Nissan Magnite published in 2025 - 5 Star for Adult Safety and 3 Star for Child Safety rating from VIN: MDHFBADD0Z0037139. Detailed report available on website: www.globalncap.org/indiaresults.
TBWA\100133
NISSAN FINANCE

### এনএইচপিসি-তে

# ট্রেনি ইঞ্জিনিয়ার

## গেট-২০২৪ বা ২০২৫ পরীক্ষায় সফল হয়ে থাকতে হবে

সিভিল, ইলেক্ট্রিক্যাল ও মেকানিক্যাল শাখায় ৭২ জন ট্রেনি ইঞ্জিনিয়ার নেবে ন্যাশনাল হাইড্রোইলেক্ট্রিক পাওয়ার কর্পোরেশন (এনএইচপিসি)। এটি কেন্দ্রের শক্তি মন্ত্রকের অধীনস্থ একটি সংস্থা। প্রার্থীকে অবশ্যই গেট-২০২৪ বা ২০২৫ পরীক্ষায় উত্তীর্ণ হয়ে থাকতে হবে। প্রথমে ১ বছরের ট্রেনিং। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: NH/Rectt./02/2026. **এটি তফসিলি, ওবিসি এবং দৈহিক প্রতিবন্ধীদের জন্য একটি বিশেষ নিয়োগ অভিযান।**

**শাখা অনুসারে শূন্যপদের বিবরণ:** সিভিল ১১টি (তফসিলি জাতি ৭, তফসিলি উপজাতি ১, ওবিসি ৩)। **শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৬০ শতাংশ নম্বর বা সমতুল গ্রেড-সহ সিভিল ইঞ্জিনিয়ারিংয়ে ৪ বছরের বি ই বা

**তফসিলি, ওবিসি এবং দৈহিক প্রতিবন্ধীদের জন্য বিশেষ নিয়োগ অভিযান**

বি টেক বা বি এসসি (ইঞ্জিনিয়ারিং) অথবা এএমআইই (অ্যাসোসিয়েট মেম্বার অব দ্য ইনস্টিটিউশন অব ইঞ্জিনিয়ার্স)। সেই সঙ্গে গেট-২০২৪ বা ২০২৫ পরীক্ষায় 'সি ই' পত্রে উত্তীর্ণ হয়ে থাকতে হবে।

ইলেক্ট্রিক্যাল ৩৫টি (তফসিলি জাতি ১৩, তফসিলি উপজাতি ৬, ওবিসি ১৬)। **শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৬০ শতাংশ নম্বর বা সমতুল গ্রেড-সহ ইলেক্ট্রিক্যাল বা ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স বা পাওয়ার সিস্টেমস অ্যান্ড হাই ভোল্টেজ বা পাওয়ার ইঞ্জিনিয়ারিংয়ে ৪ বছরের বি ই বা বি টেক বা বি এসসি (ইঞ্জিনিয়ারিং) অথবা এএমআইই (অ্যাসোসিয়েট মেম্বার অব দ্য ইনস্টিটিউশন অব ইঞ্জিনিয়ার্স)। সেই সঙ্গে গেট-২০২৪ বা ২০২৫ পরীক্ষায় 'ই ই' পত্রে উত্তীর্ণ হয়ে থাকতে হবে।

**মেকানিক্যাল** ২৬টি (তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ৩, ওবিসি ১৮)। **শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৬০ শতাংশ নম্বর বা সমতুল গ্রেড-সহ মেকানিক্যাল বা প্রোডাকশন বা থার্মাল বা মেকানিক্যাল অ্যান্ড অটোমেশন ইঞ্জিনিয়ারিংয়ে ৪ বছরের বি ই বা বি টেক বা বি এসসি (ইঞ্জিনিয়ারিং) অথবা এএমআইই (অ্যাসোসিয়েট মেম্বার অব দ্য ইনস্টিটিউশন অব ইঞ্জিনিয়ার্স)। সেই সঙ্গে গেট-২০২৪ বা ২০২৫ পরীক্ষায় 'এম ই' পত্রে উত্তীর্ণ হয়ে থাকতে হবে।

দৈহিক প্রতিবন্ধী প্রার্থীদের জন্য নিয়মানুসারে শূন্যপদ সংরক্ষিত থাকবে।

**বয়স:** ৬-৪-২০২৬ তারিখে তফসিলিদের ক্ষেত্রে ৩৫ বছর এবং ওবিসিদের ক্ষেত্রে ৩৩ বছরের মধ্যে হতে হবে। দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের ছাড় পাবেন।

**বেতনক্রম:** ৫০,০০০-১,৬০,০০০ টাকা।

গেট-২০২৪ বা ২০২৫ পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে প্রার্থীদের প্রাথমিক ভাবে বাছাই করা হবে। নির্বাচিত প্রার্থীদের গ্রুপ ডিসকাশন ও ইন্টারভিউয়ের জন্য ডাকা হবে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.nhpcindia.com প্রার্থীর চালু ই-মেল আইডি থাকতে হবে। অনলাইন দরখাস্ত করা যাবে ৬ এপ্রিল পর্যন্ত। অনলাইন দরখাস্তের সময় প্রয়োজনীয় যাবতীয় নথিপত্র-সহ প্রার্থীর ফটো ও সই আপলোড করতে হবে।

ফি বাবদ দিতে হবে ৭০৮ টাকা। মহিলা, তফসিলি, দৈহিক প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীদের ফি দিতে হবে না।

অনলাইন দরখাস্ত সাবমিট করার পর রেজিস্ট্রেশন স্লিপের এক কপি সিস্টেম জেনারেটেড প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে প্রয়োজন হবে।

খুঁটিনাটি জানতে দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# ভারতীয় নৌবাহিনীতে নাবিক

*প্রথম পাতার পর*

থাকবে দৈহিক সক্ষমতার পরীক্ষা, লিখিত পরীক্ষা ও মেডিক্যাল টেস্ট। ১০০ নম্বরের কম্পিউটারভিত্তিক পরীক্ষা হবে মে মাসে। প্রশ্ন হবে ইংরেজি, সায়েন্স, বায়োলজি এবং জেনারেল অ্যাওয়্যারনেস বিষয়ে। পরীক্ষার সময় ১ ঘণ্টা। নেগেটিভ মার্কিং আছে।

দৈহিক সক্ষমতার পরীক্ষায় থাকবে ৬ মিনিট ৩০ সেকেন্ডে ১.৬ কিলোমিটার দৌড়, ২০টি স্কোয়াট (ওঠ-বোস), ১৫টি পুশ-আপ ও ১৫টি সিট আপ। দৈহিক সক্ষমতার পরীক্ষায় উত্তীর্ণদের লিখিত পরীক্ষা নেওয়া হবে। প্রশ্ন হবে ইংরেজি, সায়েন্স, বায়োলজি এবং জেনারেল অ্যাওয়্যারনেস বিষয়ে। মোট নম্বর ১০০। সময় ১ ঘণ্টা। সবশেষে হবে মেডিক্যাল এক্সামিনেশন। দ্বিতীয় পর্যায়ের পরীক্ষা ২০২৭ সালের মার্চ মাসে।

ট্রেনিং চলাকালীন প্রতি মাসে ১৪,৬০০ টাকা স্টাইপেন্ড পাওয়া যাবে। সফল ভাবে ট্রেনিং শেষে নিয়োগ করা হবে নাবিক পদে। তখন বেতনক্রম ২১,৭০০-৬৯,১০০ টাকা, সঙ্গে মিলিটারি সার্ভিস পে ৫,২০০ টাকা এবং অন্যান্য সুযোগ-সুবিধা। মাস্টার চিফ পেটি অফিসার-১ র‍্যাঙ্ক পর্যন্ত উন্নতির সুযোগ আছে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://joinindiannavy.gov.in প্রার্থীর চালু ই-মেল আইডি ও মোবাইল নম্বর থাকতে হবে। দরখাস্ত করা যাবে ৬ এপ্রিল পর্যন্ত। মনে রাখবেন, অনলাইন দরখাস্তের সময় প্রার্থীর স্ক্যান করা পাসপোর্ট মাপের ফটো (১০ থেকে ৫০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে। ২০২৬-এর মার্চের আগে তোলা ফটো চলবে না। যেদিন ফটো তোলা হয়েছে সেই তারিখটি এবং প্রার্থীর নাম একটি স্লেটে লিখে সেটিকে সামনে ধরে ফটো তুলতে হবে। এ ছাড়াও অনলাইন দরখাস্তের সময় তাৎক্ষণিক ফটো তুলতে হবে।

পরীক্ষার ফি বাবদ দিতে হবে ৫৫০ টাকা (জিএসটি অতিরিক্ত)। অনলাইন পদ্ধতিতে ভিসা বা মাস্টার বা রুপে ডেবিট বা ক্রেডিট কার্ড বা ইন্টারনেট ব্যাঙ্কিং বা ইউপিআইয়ের মাধ্যমে ফি জমা দিতে হবে।

খুঁটিনাটি তথ্য জানতে দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# বায়ুসেনায় দক্ষ খেলোয়াড়

ট্রায়ালের মাধ্যমে 'অগ্নিবীরবায়ু' পদে বেশ কিছু দক্ষ খেলোয়াড় নেবে ভারতীয় বায়ুসেনা। শুধু অবিবাহিত পুরুষরা আবেদন করবেন। ট্রায়াল ৮ থেকে ১০ এপ্রিল নয়াদিল্লির এয়ার ফোর্স স্টেশনে। অগ্নিপথ স্কিমে 02/2026 ব্যাচে প্রার্থীদের নিয়োগ করা হবে।

নিয়োগ করা হবে এই সব ক্রীড়াক্ষেত্র থেকে: অ্যাথলেটিক্স, বাস্কেটবল, বক্সিং, চেস, সাইক্লিং, সাইকেল পোলো, ক্রিকেট, ফুটবল, গল্ফ, জিমন্যাস্টিক্স, হ্যান্ডবল, হকি, কবাডি, লন টেনিস, শুটিং, স্কোয়াশ, সুইমিং/ডাইভিং, ভলিবল, ওয়াটারপোলো, ওয়েটলিফটিং, রেসলিং, উশু, স্পোর্ট ক্লাইম্বিং, মাউন্টেন বাইকিং।

**আবেদনের যোগ্যতা:** বিজ্ঞান শাখার ক্ষেত্রে: ম্যাথমেটিক্স, ফিজিক্স ও ইংরেজি-সহ উচ্চ মাধ্যমিক পাশ। সেই সঙ্গে মোট অন্তত ৫০ শতাংশ ও ইংরেজিতে অন্তত ৫০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে। অথবা মেকানিক্যাল বা ইলেক্ট্রিক্যাল বা ইলেক্ট্রনিক্স বা অটোমোবাইল বা কম্পিউটার সায়েন্স বা ইনস্ট্রুমেন্টেশন টেকনোলজি বা ইনফর্মেশন টেকনোলজিতে মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ ৩ বছরের ডিপ্লোমা। সেই সঙ্গে ইংরেজিতে (ডিপ্লোমা স্তরে ইংরেজি না থাকলে মাধ্যমিক বা সমতুল স্তরে) অন্তত ৫০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে। অথবা মোট অন্তত ৫০ শতাংশ নম্বর এবং ফিজিক্স ও ম্যাথমেটিক্স-সহ ২ বছরের ভোকেশনাল কোর্স পাশ। সেই সঙ্গে ইংরেজিতে (ভোকেশনাল কোর্সে ইংরেজি না থাকলে মাধ্যমিক বা সমতুল স্তরে) অন্তত ৫০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে।

অন্যান্য শাখার ক্ষেত্রে: মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ উচ্চ মাধ্যমিক পাশ। মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ ২ বছরের ভোকেশনাল কোর্স পাশ প্রার্থীরাও আবেদন করতে পারেন। উভয় ক্ষেত্রেই ইংরেজিতে (ভোকেশনাল কোর্সে ইংরেজি না থাকলে মাধ্যমিক বা সমতুল স্তরে) অন্তত ৫০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে।

**খেলাধুলার যোগ্যতা:** অলিম্পিক কমিটি কর্তৃক স্বীকৃত আন্তর্জাতিক ক্রীড়া প্রতিযোগিতায় জুনিয়র বা সিনিয়র স্তরে দেশের প্রতিনিধিত্ব করে থাকতে হবে। জাতীয় চ্যাম্পিয়নশিপে জুনিয়র স্তরে বা ইন্টার ইউনিভার্সিটি ক্রীড়া প্রতিযোগিতায় বা খেলো ইন্ডিয়া ন্যাশনালে অন্তত পঞ্চম স্থান পেয়ে থাকতে হবে অথবা সিনিয়র ন্যাশনাল চ্যাম্পিয়নশিপে রাজ্যের প্রতিনিধিত্ব করে থাকতে হবে। দলগত খেলায় জুনিয়র বা সিনিয়র ন্যাশনাল চ্যাম্পিয়নশিপে রাজ্যের প্রতিনিধিত্ব করে থাকতে হবে।

ক্রিকেটের ক্ষেত্রে খেলাধুলার যোগ্যতা: আন্তঃবিশ্ববিদ্যালয় প্রতিযোগিতা বা ভারতীয় ক্রিকেট বোর্ডের অনূর্ধ্ব-১৯ বা অনূর্ধ্ব-২৩ বা রঞ্জি ট্রফি বা দেওধর ট্রফি বা দলীপ ট্রফিতে খেলে থাকতে হবে।

শুটিংয়ের ক্ষেত্রে খেলাধুলার যোগ্যতা: আন্তর্জাতিক স্তরে পদক পেয়ে থাকতে হবে অথবা দেশের প্রতিনিধিত্ব করে থাকতে হবে। অথবা ১০ মিটার এয়ার পিস্তল বা ১০ মিটার এয়ার রাইফেল বা ৫০ মিটার রাইফেল থ্রি পি বা ২৫ মিটার র‍্যাপিড ফায়ার পিস্তল ইভেন্টে জুনিয়র বা সিনিয়র ক্যাটেগরিতে ন্যাশনাল র‍্যাঙ্কিংয়ে ৫০-এর মধ্যে থাকতে হবে।

চেসের ক্ষেত্রে খেলাধুলার যোগ্যতা: ২১৫০ ফিডে স্ট্যান্ডার্ড ক্লাসিক রেটিং থাকতে হবে।

**জন্মতারিখ:** ২-৭-২০০৫ থেকে ২-১-২০০৯-এর মধ্যে হতে হবে।

উচ্চতা: অন্তত ১৫২ সেমি। বুকের ছাতি ৭৭ সেমি, অন্তত ৫ সেমি ফোলানোর ক্ষমতা থাকতে হবে। প্রার্থীকে শারীরিক ভাবে সুস্থ হতে হবে। দৃষ্টিশক্তি: দুই চোখে ৬/১২, ৬/৬ পর্যন্ত সংশোধনযোগ্য। হাইপারমেট্রোপিয়া থাকলে +২.০ ডি, মায়োপিয়া থাকলে -১ডি (অ্যাস্টিগম্যাটিজম-সহ ±০.৫০ ডি)-র মধ্যে থাকতে হবে। রং চেনার ক্ষমতা সিপি-টু মানের হতে হবে।

বেতন: প্রথম বছরে প্রতি মাসে ৩০,০০০ টাকা, দ্বিতীয় বছরে প্রতি মাসে ৩৩,০০০ টাকা, তৃতীয় বছরে প্রতি মাসে ৩৬,৫০০ টাকা এবং চতুর্থ বছরে প্রতি মাসে ৪০,০০০ টাকা।

চার বছরের মেয়াদ শেষে বায়ুসেনায় শর্তানুসারে এয়ারম্যান পদে চাকরির সুযোগ রয়েছে। সংশ্লিষ্ট ব্যাচের ২৫ শতাংশ অগ্নিবীর বায়ুসেনায় স্থায়ী চাকরির ক্ষেত্রে সংরক্ষণ পাবেন। বাকিদের চার বছরের শেষে আর্থিক অঙ্কে বিশেষ সেবা নিধি প্যাকেজ দেওয়া হবে। তবে কোনও পেনশন, গ্র্যাচুইটি বা প্রাক্তন সমরকর্মীর প্রাপ্য সুযোগ-সুবিধা তাঁরা পাবেন না।

### র‍্যালিতে সঙ্গে নেবেন

✓১০ কপি পাসপোর্ট মাপের রঙিন ফটো।
✓মাধ্যমিকের সার্টিফিকেট ও মার্কশিট।
✓শিক্ষাগত যোগ্যতার যাবতীয় প্রয়োজনীয় নথিপত্র।
✓খেলাধুলার যোগ্যতার যাবতীয় প্রয়োজনীয় নথিপত্র।
✓ক্যারেক্টার সার্টিফিকেট।
✓প্রযোজ্য ক্ষেত্রে 'নো অবজেকশন সার্টিফিকেট' বা ডিসচার্জ সার্টিফিকেট।
✓খেলাধুলার সাজসরঞ্জাম।

উপরোক্ত প্রতিটি মূল নথি ও তার চার কপি নকল সঙ্গে রাখবেন।

র‍্যালিতে নথিপত্র যাচাইয়ের পর ফিজিক্যাল ফিটনেস টেস্ট এবং স্পোর্টস ট্রায়াল নেওয়া হবে প্রতিযোগীদের। দৈহিক সক্ষমতার পরীক্ষায় থাকবে ৭ মিনিটে ১.৬ কিলোমিটার দৌড়, ১ মিনিটে ১০টি পুশ আপ, ১ মিনিটে ১০টি সিট আপ ও ১ মিনিটে ২০টি স্কোয়াট। উত্তীর্ণ প্রার্থীদের মেডিক্যাল এক্সামিনেশন হবে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://agnipathvayu.cdac.in দরখাস্ত করা যাবে ২৩ থেকে ২৯ মার্চ পর্যন্ত। অনলাইন দরখাস্তের সময় প্রার্থীর পাসপোর্ট মাপের রঙিন ফটো, সই, বাঁ-হাতের বুড়ো আঙুলের ছাপ, বয়স ও শিক্ষাগত যোগ্যতার যাবতীয় প্রয়োজনীয় নথিপত্র, অনূর্ধ্ব ১৮ বছরের প্রার্থীদের ক্ষেত্রে বাবা বা মা বা অভিভাবকের সই স্ক্যান করে আপলোড করতে হবে।

ফি বাবদ দিতে হবে ১০০ টাকা। অনলাইনে ডেবিট কার্ড বা ক্রেডিট কার্ড বা ইন্টারনেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে ফি জমা দিতে হবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# মাদ্রাসা সার্ভিস কমিশনের নিয়োগের বিজ্ঞপ্তি

**নিজস্ব প্রতিনিধি:** পশ্চিমবঙ্গের সরকারি সহায়তাপ্রাপ্ত মাদ্রাসাগুলিতে প্রধান শিক্ষক, প্রধান শিক্ষিকা, সুপারিনটেন্ডেন্ট এবং ক্লার্ক ও লাইব্রেরিয়ান নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশ করল মাদ্রাসা সার্ভিস কমিশন। প্রাথমিক বিজ্ঞপ্তি এটি। বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, মাদ্রাসা সার্ভিস কমিশন এই পদগুলিতে নিয়োগের প্রক্রিয়া শুরু করতে চলেছে।

প্রধান শিক্ষক, প্রধান শিক্ষিকা ও সুপারিনটেন্ডেন্ট নিয়োগ হবে অষ্টম স্টেট লেভেল সিলেকশন টেস্ট এবং অশিক্ষক কর্মী তথা ক্লার্ক ও লাইব্রেরিয়ান নিয়োগ হবে দ্বিতীয় স্টেট লেভেল সিলেকশন টেস্টের মাধ্যমে।

নিয়োগের প্রক্রিয়া-সংক্রান্ত বিশদ তথ্য যদিও বিজ্ঞপ্তিতে জানানো হয়নি। আগ্রহীরা নজর রাখবেন এই ওয়েবসাইটে: www.wbmsc.com

# এন্ট্রি লেভেলে চার শতাধিক লোক নিচ্ছে গুগল

ভারতের বেঙ্গালুরু ও হায়দরাবাদ কেন্দ্রে তথ্যপ্রযুক্তি কর্মী নেবে গুগল। সফটওয়্যার, ডেটা ইঞ্জিনিয়ার, কাস্টমার সলিউশন ইঞ্জিনিয়ার, প্রোডাক্ট টেকনোলজিস্ট, সফটওয়্যার ইঞ্জিনিয়ার (ইউটিউব)-সহ বিভিন্ন পদে নিয়োগ হবে। তথ্যপ্রযুক্তি-সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকরা আবেদন করতে পারেন। ১ থেকে ৩ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। ১ বছরের অভিজ্ঞতা থাকলে সফটওয়্যার ইঞ্জিনিয়ার (অ্যান্ড্রয়েড ফ্রেমওয়ার্ক), ইঞ্জিনিয়ারিং অ্যানালিস্ট (ইউটিউব সেফটি)-সহ আরও বিভিন্ন পদে আবেদন করা যাবে। কর্তৃপক্ষ জানিয়েছে, এন্ট্রি লেভেলের ৪০০-র বেশি শূন্যপদে নিয়োগের প্রক্রিয়া চলছে।

কিছু পদের ক্ষেত্রে স্নাতক ডিগ্রির বিষয় নির্দিষ্ট করে দেওয়া হয়নি, তবে কাজের প্রকৃতি জানিয়ে দেওয়া হয়েছে। প্রসঙ্গত, অন্ধ্রপ্রদেশের বিশাখাপত্তনমে গুগল ও ভারতের আদানি গোষ্ঠীর যৌথ উদ্যোগে বৃহদাকার ডেটা সেন্টার গড়ার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। ভারতে গুগলে নিয়োগও বেড়েছে। আরও বেশি অভিজ্ঞদের আরও নানা পদে চাকরির সুযোগ রয়েছে।

পদগুলি সম্পর্কে বিশদ তথ্য সহ আবেদনের লিঙ্ক পাবেন এই ওয়েবসাইটে: https://www.google.com/about/careers/applications/jobs/results?location=India

## কী শিখবেন, কোথায় শিখবেন

### দাবা প্রশিক্ষকের অনলাইন ট্রেনিং

**নিজস্ব প্রতিনিধি:** দাবা খেলা মানসিক দক্ষতার বিকাশে বড় ভূমিকা নেয় বলে বহু অভিভাবক তাঁদের সন্তানদের একেবারে ছোট বয়স থেকে দাবা খেলার প্রশিক্ষণ দিতে চাইছেন। ফলে দাবা খেলা শেখার স্কুলের সংখ্যা বেড়েছে এবং দক্ষ দাবা শিক্ষক বা চেস কোচের চাহিদাও তৈরি হয়েছে। সাধারণত স্কুলে, অনলাইন ক্লাসে এবং ব্যক্তিগত কোচিংয়ে শিশুদের বেসিক থেকে অ্যাডভান্সড লেভেলের দাবা খেলা শেখানো হয়।

দাবার প্রশিক্ষক হতে চাইলে প্রয়োজন প্রশিক্ষণের। প্রশিক্ষণ দিচ্ছে বিরাটি চেস অ্যাকাডেমি। এই প্রতিষ্ঠান ভারত সরকারের এমএসএমই দপ্তর কর্তৃক স্বীকৃত। বিরাটি চেস অ্যাকাডেমিতে দাবা শিক্ষকের দ্বিতীয় ব্যাচের প্রশিক্ষণ শুরু হবে ১১ এপ্রিল। অনলাইন প্রশিক্ষণ। ফলে চাকুরিরত এবং দূরের জেলা ও রাজ্যের আগ্রহী প্রার্থীরাও এই কোর্সটি করতে পারবেন। প্রশিক্ষণ শেষে দেওয়া হবে সার্টিফিকেট। আগ্রহীরা আবেদন



করতে পারেন এখনই।

**শিক্ষাগত যোগ্যতা:** অন্তত মাধ্যমিক পাশ।

**বয়স:** কোনও বিধিনিষেধ নেই।

**কোর্সের মেয়াদ:** চার মাস।

**ক্লাসের সময়:** প্রতি শনিবার, সন্ধে ৬টা।

**কোর্স ফি:** ৪,৫০০ টাকা।

**আবেদনের শেষ তারিখ:** ৯ এপ্রিল।

**ক্লাস শুরু:** ১১ এপ্রিল।

**আবেদন করার পদ্ধতি:** ফোন বা হোয়াটসঅ্যাপ করবেন এই নম্বরে: ৯৮৩৬৬-১৪৬০৮। আবেদনের জন্য গুগল ফর্মের লিঙ্ক পাঠানো হবে প্রার্থীর হোয়াটসঅ্যাপ নম্বরে। বিস্তারিত জানতে দেখুন বিরাটি চেস অ্যাকাডেমির এই ব্লগ: https://biratichessacademy.blogspot.com

# সশস্ত্র সীমা বলে ১০৫৭

*প্রথম পাতার পর*

**হেড কনস্টেবল:** কমিউনিকেশন ১৯৭টি। ইলেক্ট্রিশিয়ান ২৯টি। ভেটেরিনারি ৫টি।

শিক্ষাগত যোগ্যতা: হেড কনস্টেবল পদের ক্ষেত্রে ন্যূনতম উচ্চ মাধ্যমিক পাশ। কনস্টেবল ও হেড কনস্টেবল (ইলেক্ট্রিশিয়ান) পদের ক্ষেত্রে ন্যূনতম মাধ্যমিক পাশ।

প্রার্থী বাছাই করা হবে দৈহিক সক্ষমতার পরীক্ষা, মাপজোক যাচাই, কম্পিউটার-ভিত্তিক পরীক্ষা, নথিপত্র যাচাই ও স্কিল টেস্টের মাধ্যমে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://ssb.gov.in দরখাস্তের শেষ তারিখ ২০ এপ্রিল।

এই নিয়োগের বিশদ বিজ্ঞপ্তি এখনও প্রকাশিত হয়নি। প্রার্থীদের প্রস্তুতির সুবিধার্থে এই খবর আগাম জানানো হল।

আগ্রহী প্রার্থীরা চোখ রাখুন আগামী সপ্তাহের কর্মক্ষেত্র-য়।

# কী পড়বেন, কোথায় পড়বেন

## উচ্চ মাধ্যমিকের পরে অপ্টোমেট্রিস্ট হওয়ার প্রস্তুতি



**নিজস্ব প্রতিনিধি:** অনেক ছাত্রছাত্রীই উচ্চ মাধ্যমিকের পর চাকরিমুখী পড়াশোনা করতে চান। তাঁরা পড়তে পারেন ব্যাচেলর অব অপ্টোমেট্রি কোর্স। ডিপ্লোমাও করা যায় এই বিষয় নিয়ে। অপ্টোমেট্রিস্টরা চিকিৎসক নন। তাই অপ্টোমেট্রিস্ট হওয়ার জন্য ডাক্তারি পড়ার প্রয়োজন হয় না।

**কাদের অপ্টোমেট্রিস্ট বলা হয়:** দৃষ্টিশক্তির সমস্যা হলে চশমার প্রয়োজন পড়ে। চশমার কাচে কত পাওয়ার লাগবে তা চোখ পরীক্ষা করে স্থির করেন অপ্টোমেট্রিস্ট। অপ্টোমেট্রিস্ট হওয়ার জন্য উচ্চ মাধ্যমিকের পর চার বছরের ব্যাচেলর অব অপ্টোমেট্রি কোর্স করতে হয়। এই চার বছরের মধ্যে এক বছর ইন্টার্নশিপ। এই সময় হাতে-কলমে কাজ শেখা যায়।

**কোথায় চাকরি:** সরকারি-বেসরকারি হাসপাতালে কাজের সুযোগ থাকে। চোখের ডাক্তারখানা, চোখের হাসপাতাল এবং চশমার দোকানে অপ্টোমেট্রিস্টের প্রয়োজন হয়। রাজ্যের জেলা হাসপাতাল বা মহকুমা হাসপাতালগুলিতে অপ্টোমেট্রিস্ট পদে কর্মী নিয়োগ করা হয়। ন্যাশনাল হেল্‌থ মিশনের অধীনে গ্রামীণ স্বাস্থ্যকেন্দ্রেও দক্ষ অপ্টোমেট্রিস্ট নিয়োগ করা হয়। ন্যাশনাল প্রোগ্রাম ফর কন্ট্রোল অব ব্লাইন্ডনেস প্রকল্পে কাজের সুযোগ থাকে।

**শিক্ষাগত যোগ্যতা:** ব্যাচেলর অব অপ্টোমেট্রি কোর্সে আবেদনের জন্য উচ্চ মাধ্যমিক স্তরে বিজ্ঞান নিয়ে পড়ে থাকতে হবে। বিষয় হিসেবে থাকতে হবে অঙ্ক, রসায়ন, পদার্থবিদ্যা। অঙ্কে ৫৫ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে।

**কোথায় পড়ানো হয়:** একাধিক সরকারি এবং বেসরকারি প্রতিষ্ঠান আছে যেখানে এই বিষয়টি পড়ানো হয়। এগুলির মধ্যে উল্লেখযোগ্য, কলকাতা মেডিক্যাল কলেজ, বিদ্যাসাগর কলেজ অব অপ্টোমেট্রি অ্যান্ড ভিশন সায়েন্স, স্বামী বিবেকানন্দ বিশ্ববিদ্যালয়, রিজিওনাল ইনস্টিটিউট অব অপথ্যালমোলজি, ক্রিশ্চিয়ান মেডিক্যাল কলেজ-ভেলোর, শঙ্কর কলেজ অব অপ্টোমেট্রি-ভেলোর, অল ইন্ডিয়া ইনস্টিটিউট অব মেডিক্যাল সায়েন্সেস, বেনারস হিন্দু বিশ্ববিদ্যালয়, অল ইন্ডিয়া ইনস্টিটিউট অব হাইজিন অ্যান্ড পাবলিক হেল্‌থ ইত্যাদি।




# স্কলারশিপের খোঁজখবর

### ভূমি ফেলোশিপ প্রোগ্রাম ২০২৬

হিউম্যানিটিজ, সোশ্যাল সায়েন্স, এডুকেশন, ম্যানেজমেন্ট, ল, ইঞ্জিনিয়ারিং, মেডিসিন বা অন্যান্য শাখায় স্নাতক ডিগ্রিপ্রাপ্তদের ফেলোশিপ দিচ্ছে ভূমি অর্গানাইজেশন। প্রার্থীকে চেন্নাই, কোয়েম্বাটুর বা ত্রিচিতে গিয়ে থাকতে হবে।

প্রার্থীর বয়স হতে হবে ২১ থেকে ৩০ বছরের মধ্যে।

স্কলারশিপের পরিমাণ: প্রতি মাসে ২৫,৫০০ টাকা।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.b4s.in/karma/BHFP1 আবেদনের শেষ তারিখ ৩১ মার্চ।

### নরোত্তম শেখসারিয়া স্কলারশিপ পোস্ট-গ্র্যাজুয়েট স্কলারশিপ ২০২৬-২৭

দেশের প্রথম সারির বিভিন্ন বিশ্ববিদ্যালয় বা বিদেশের বিশ্ববিদ্যালয়ে স্নাতকোত্তর ডিগ্রি কোর্স পাশ করে পি এইচ ডি করতে ইচ্ছুক মেধাবী ছাত্রছাত্রীদের লোন-স্কলারশিপ দিচ্ছে নরোত্তম শেখসারিয়া ফাউন্ডেশন। সমাপ্তি বর্ষের প্রার্থীরাও আবেদনের যোগ্য।

আবেদনের যোগ্যতা: স্নাতক। ৩১-১-২০২৬ তারিখে বয়স হতে হবে ৩০ বছরের মধ্যে। কোর্স শেষ হওয়ার এক বছর পর থেকে প্রার্থীকে কিস্তিতে ঋণ পরিশোধ করতে হবে।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.b4s.in/karma/NSSP2 আবেদনের শেষ তারিখ ১৮ মার্চ। আবেদনের ফি বাবদ দিতে হবে ৫০০ টাকা।

### ইনলাকস শিবদাসানি স্কলারশিপ প্রোজেক্ট ২০২৫-২৬

ইউরোপ, আমেরিকা ও ব্রিটেনের কোনও বিশ্ববিদ্যালয়ে স্নাতকোত্তর স্তরে পড়াশোনা করতে ইচ্ছুক ছাত্রছাত্রীদের স্কলারশিপ দিচ্ছে ইনলাকস শিবদাসানি ফাউন্ডেশন। প্রার্থীকে অবশ্যই সংশ্লিষ্ট শিক্ষাপ্রতিষ্ঠানে পড়ার সুযোগ পেয়ে থাকতে হবে।

আবেদনের যোগ্যতা: মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ স্নাতক। জন্মতারিখ হতে হবে ১-১-১৯৯৬-এর পরে। **স্কলারশিপের পরিমাণ:** সর্বাধিক ১ লাখ ২০ হাজার ডলার, সঙ্গে অন্যান্য সুযোগ-সুবিধা।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.b4s.in/karma/INLA1 আবেদন করা যাবে ৩১ মার্চ পর্যন্ত।

*(তথ্য সহায়তা: buddy4study)*






# কারেন্ট অ্যাফেয়ার্স

৪ ফেব্রুয়ারি-১০ ফেব্রুয়ারি

**৪ ফেব্রুয়ারি** চেন্নাইয়ের ইন্টিগ্রাল কোচ ফ্যাক্টরি রেলের কামরা তৈরির ক্ষেত্রে নজির গড়ল। ১৯৫৫ সালে শুরু হওয়া এই কারখানা চলতি মাসে ৮০ হাজার তম কামরা তৈরি করেছে। আধুনিক এলএইচবি কামরা থেকে বন্দে ভারতের সিটিং এবং স্লিপার শ্রেণির কামরা, ইএমইউ এবং ডিএমইউ ট্রেনের কামরা, পার্বত্য পথে চলার উপযোগী টয়ট্রেন, বিলাসবহুল মহারাজা, গোল্ডেন চ্যারিয়ট, ভিস্তা ডোম, কলকাতার মেট্রো রেলের কামরা— সবই তৈরি করেছে এই কারখানা।

## ভারত-মার্কিন বাণিজ্য চুক্তি নিয়ে ওয়াশিংটনে জয়শঙ্কর-রুবিয়ো বৈঠক



৪ ফেব্রুয়ারি: ভারত-আমেরিকা বাণিজ্য চুক্তিতে সমঝোতার পর ওয়াশিংটনে মার্কিন বিদেশ সচিব মার্কো রুবিয়োর সঙ্গে বৈঠক করলেন বিদেশমন্ত্রী এস জয়শঙ্কর। এই চুক্তির প্রশংসায় সরব হয়েছেন বাণিজ্যমন্ত্রী পীযূষ গয়াল। অন্যদিকে, রাশিয়া থেকে তেল কেনার ব্যাপারে ভারত নীরব থাকলেও হোয়াইট হাউসের প্রেসসচিব ক্যারোলিন লিভিট দাবি করেছেন, রাশিয়া থেকে পুরোপুরিভাবে তেল আমদানি বন্ধের বিষয়ে কথা দিয়েছেন মোদী। বিরোধী দল কংগ্রেসের প্রধান মুখপাত্র জয়রাম রমেশ সংবাদমাধ্যমে লিখেছেন, 'পীযূষ গয়ালের ট্যাঁড়া পেটানো দাবি আর আমেরিকার রাজস্ব সচিব এবং কৃষি সচিব তাদের সমাজমাধ্যমের হ্যান্ডলে যা বলেছেন তা সম্পূর্ণ আলাদা। এই চুক্তি যখন প্রকাশ্যে আসবে, কৃষকদেরপ্রকৃত ধাক্কাটা স্পষ্ট হয়ে উঠবে।'

**মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় সুপ্রিম** কোর্টে দাবি তুললেন, তথ্যগত অসঙ্গতির ('লজিক্যাল ডিসক্রিপেন্সি') ভিত্তিতে ভোটার তালিকা থেকে কারও নাম যেন বাদ না যায়। নির্বাচন কমিশনের বিরুদ্ধে তাঁর দায়ের করা মামলায় এদিন প্রধান বিচারপতির এজলাসে নিজেই সওয়াল করেছেন মুখ্যমন্ত্রী। দাবি তুলেছেন, ভোটার তালিকায় কার নাম থাকবে, ডিইও, ইআরও-দের হাতেই যেন তার ছাড়পত্র দেওয়ার ক্ষমতা থাকে। 'বিজেপি শাসিত রাজ্য' থেকে পশ্চিমবঙ্গে নিযুক্ত অবজার্ভার, মাইক্রো অবজার্ভারদের হাতে যেন ভোটার তালিকা থেকে নাম বাদ দেওয়ার চূড়ান্ত ক্ষমতা না দেওয়া হয়।

**৫ ফেব্রুয়ারি** ভারতের বিদেশ থেকে তেল কেনা নিয়ে মন্তব্য পেশ করল রাশিয়া। সম্প্রতি মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প দাবি করেন ওয়াশিংটন-দিল্লি বাণিজ্য চুক্তির অংশ হিসেবে ভারত রাশিয়া থেকে তেল না কেনার বিষয়ে সম্মতি প্রকাশ করেছে। এর জবাবে রাশিয়া জানিয়েছে ভারত 'স্বাধীন', তারা যে-কোনও দেশ থেকেই তেল কিনতে পারে। এ প্রসঙ্গে ক্রেমলিন আরও বলেছে, শুধু মস্কোই দিল্লিকে অপরিশোধিত তেল সরবরাহ করে, এমন নয়। অন্য দেশ থেকে ভারতের অপরিশোধিত তেল কেনার সিদ্ধান্ত নতুন কিছু নয়। প্রসঙ্গত, রাশিয়া থেকে জ্বালানি কেনার 'শাস্তি' হিসেবে আমেরিকা ভারতীয় পণ্যের উপরে ২৫ শতাংশ অতিরিক্ত আমদানি শুল্ক চাপানোর পরেও ভারত রুশ তেল কেনা বন্ধ করেনি।

**দেশের শীর্ষ আদালত পশ্চিমবঙ্গ** সরকারের কর্মীদের বকেয়া ডিএ-র দাবিকে স্বীকৃতি দিল। প্রায় এক দশকের আইনি লড়াই, গত চার মাস ধরে সুপ্রিম কোর্টের রায়ের অপেক্ষায় বসে থাকা রাজ্য সরকারের কর্মীরা সুখবর পেলেন। রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় একদিন আগেই সুপ্রিম কোর্টে এসআইআর মামলায় নিজেই সওয়াল করে সাড়া ফেলে দিয়েছিলেন। তার ২৪ ঘন্টার মধ্যেই সুপ্রিম কোর্টের রায় মমতা বন্দ্যোপাধ্যায়ের সরকারের বিরুদ্ধে গেল। রাজ্য সরকার এতদিন ধরে সরকারি কর্মচারীদের বকেয়া ডিএ-র দাবি খারিজ করে আসছিল। এদিন সুপ্রিম কোর্টের বিচারপতি সঞ্জয় কারোল ও বিচারপতি প্রশান্তকুমার মিশ্রের বেঞ্চ রায় দিয়ে জানিয়েছে, ডিএ পাওয়া আইনি বলবৎযোগ্য অধিকার।

## পশ্চিমবঙ্গে ভোট-অন-অ্যাকাউন্ট বাজেট পেশ



৫ ফেব্রুয়ারি: বিধানসভা নির্বাচনের মুখে রাজ্য বিধানসভায় ভোট-অন-অ্যাকাউন্ট বাজেট পেশ করলেন অর্থ দফতরের স্বাধীন দায়িত্বপ্রাপ্ত প্রতিমন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য। আশা কর্মী থেকে অঙ্গনওয়াড়ি কর্মী, সিভিক ভলেন্টিয়ার থেকে শিক্ষিত বেকার— সব পক্ষকেই খুশি করার চেষ্টা দেখা গেল বাজেটে। ভাতা বাড়ল সব ক্ষেত্রেই। সরকার বেকারত্ব কমার দাবি করলেও যুব-সাথী প্রকল্পের মাধ্যমে ফিরে এল বেকার ভাতা। বাড়ানো হয়েছে লক্ষ্মী ভাণ্ডারের টাকাও। বাজেটে ভাতা-অনুদানকে প্রাধান্য দেওয়ায়, স্বাস্থ্য-শিক্ষা-শিল্প-পরিকাঠামো-কর্মসংস্থানকে অগ্রাধিকার দিয়ে সংস্কার এবং দীর্ঘস্থায়ী উন্নয়নের দিকটি অধরা রয়ে গেল।



"চলমান সংঘাতের কারণে ইরান এখন বিশ্বকাপে (ফুটবল) অংশ নেওয়ার মতো অবস্থায় নেই। আমাদের উপরে কয়েক মাসের ব্যবধানে দু'টি যুদ্ধ চাপিয়ে দেওয়া হয়েছে। অসংখ্য মানুষকে হত্যা করা হয়েছে। তাই ওই দেশে (আমেরিকা) আমাদের উপস্থিত থাকার কোনও দরকার নেই।"

**আহমেদ দোনিয়া মালি**, *ইরানের ক্রীড়ামন্ত্রী*

আমেরিকা, কানাডা ও মেক্সিকোর যৌথ আয়োজনে আসন্ন বিশ্বকাপে ইরান খেলবে না বলে জানিয়ে

**৬ ফেব্রুয়ারি** পাকিস্তানের রাজধানী শহর ইসলামাবাদের এক শিয়া মসজিদে আত্মঘাতী বিস্ফোরণে ৩১ জন নিহত হলেন। শেহজাদ টাউন এলাকার তারলাই ইমামবারায় ওই বিস্ফোরণে নিহতদের পাশাপাশি জখম অন্তত ১৬৯ জন। পাক সংবাদমাধ্যমের একাংশের দাবি মৃতের সংখ্যা আরও অনেক বেশি। পাকিস্তানি তালিবান বা ইসলামিক স্টেট এই হামলার নেপথ্যে বলে মনে করা হচ্ছে। তারা অতীতেও পাকিস্তানের সংখ্যালঘু শিয়াদের নিশানা করেছে।

**মেঘালয়ের অবৈধ কয়লাখনিতে** বিস্ফোরণে ২৫ জনের মৃত্যু হল। পূর্ব জয়ন্তিয়া হিলস জেলার থাংস্কো এলাকার মিনসিংগাট অঞ্চলের এই খনিটিতে অবৈধ খননের জেরেই দুর্ঘটনা ঘটে বলে জানা গিয়েছে। মুখ্যমন্ত্রী কনরাড কে সাংমা বলেন, 'অবৈধ খনন আর বরদাস্ত করা হবে না, বিশেষত যখন আমরা বৈজ্ঞানিক পদ্ধতিতে খননের দিকে এগোচ্ছি।'

**৭ ফেব্রুয়ারি** ভারত-মার্কিন দ্বিপাক্ষিক বাণিজ্য চুক্তি নিয়ে যৌথ বিবৃতি জারি হল। আমেরিকার তরফে সেখানে বলা হয়েছে ভারত রাশিয়া থেকে তেল কেনা বন্ধ করে দেবে, এই শর্তে ট্রাম্প ২৫ শতাংশ জরিমানা তুলে নিচ্ছেন। তবে ভারত ঘুরপথে হলেও রাশিয়া থেকে তেল কিনছে কিনা, সেদিকে নজর রাখা হবে। ভারত ফের রুশ তেল কিনলে আবারও জরিমানা চাপবে। অন্যদিকে, ভারতের পণ্যের উপরে চাপানো বাড়তি ২৫ শতাংশ শুল্ক কমিয়ে ১৮ শতাংশ করা হয়েছে। তার বিনিময়ে ভারত আমেরিকার সমস্ত শিল্পজাত পণ্য এবং অসংখ্য খাদ্য ও কৃষিপণ্যে আমদানি শুল্ক হয় কমাবে বা একেবারেই তুলে নেবে। বিরোধী শিবির থেকে কৃষক সংগঠন অভিযোগ করেছে নরেন্দ্র মোদী ট্রাম্পের কাছে 'আত্মসমর্পণ' করেছেন। তবে এই বিবৃতিতে সার্বিক দ্বিপাক্ষিক বাণিজ্য চুক্তির ঘোষণা হয়নি। চূড়ান্ত চুক্তি হতে কিছুটা সময় লাগবে বলে জানানো হয়েছে।

**ভারতীয় স্টেট ব্যাঙ্ক (এসবিআই)** চলতি অর্থবর্ষের অক্টোবর-ডিসেম্বর ত্রৈমাসিকে এককভাবে ২১,০২৮ কোটি টাকা নিট মুনাফা করেছে। ত্রৈমাসিক মুনাফা হিসেবে এই অঙ্কই ব্যাঙ্কের ইতিহাসে সর্বোচ্চ। স্টেট ব্যাঙ্কের সুদ থেকে নিট আয় গত অর্থবর্ষের এই সময়ে ছিল ৪১,৪৪৬ কোটি টাকা। যা এবার ৯.০৪% বেড়ে ৪৫,১৯০ কোটিতে দাঁড়িয়েছে। মোট অনুৎপাদক সম্পদের হারও কমে হয়েছে ১.৫৭%।

**বাংলাদেশের শেখ হাসিনা জমানার** পাঁচবারের সাংসদ, প্রাক্তন জলসম্পদমন্ত্রী এবং সেদেশের অন্যতম জনপ্রিয় নেতা রমেশচন্দ্র সেন (৮৬) জেলবন্দি অবস্থাতেই প্রয়াত হলেন। হাসিনার দেশত্যাগের পর আওয়ামী লীগের বিভিন্ন স্তরের নেতার মতো রমেশচন্দ্র সেনকেও বাড়ি থেকে তুলে নিয়ে যায় পুলিশ। প্রবীণ এবং জনপ্রিয় এই নেতার মৃত্যুতে শোকপ্রকাশ করেন বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর। আওয়ামী লীগের অন্যান্য নেতা-কর্মীদের মতো রমেশচন্দ্র সেনের সঙ্গেও প্রতিহিংসামূলক আচরণ করার অভিযোগ উঠেছে ইউনূস সরকারের বিরুদ্ধে।

**বাংলাদেশকে ৪-০ হারিয়ে মেয়েদের** অনূর্ধ্ব-১৯ সাফ চ্যাম্পিয়নশিপ জিতল ভারত। দেশের হয়ে গোলগুলি করেছে জুলান লংমাইথেম, এলিজাবেথ লাকড়া, পার্ল ফার্নান্দেস এবং অণ্বিতা রঘুরামন। অনূর্ধ্ব-১৯ সাফ চাম্পিয়নশিপ হলেও ভারত অনূর্ধ্ব-১৭ দল পাঠিয়েছিল। উদ্দেশ্য, অনূর্ধ্ব-১৭ এএফসি এশিয়া কাপের জন্য প্রস্তুতি। গ্রুপপর্বে বাংলাদেশের বিরুদ্ধে ০-২ হেরে গেলেও ফাইনালে জয় ছিনিয়ে আনল তারা।

**৮ ফেব্রুয়ারি** আমেরিকার সঙ্গে দ্বিপাক্ষিক বাণিজ্য চুক্তির শর্ত হিসেবে রাশিয়া থেকে অশোধিত তেল আমদানি কমলেও আপাতত বন্ধ হচ্ছে না বলে সরকারি সূত্রে জানানো হল। জানা গিয়েছে, দেশের তেল সংস্থাগুলির কাছে রাশিয়ার তেল না কেনার জন্য কোনও সরকারি নির্দেশ আসেনি। তবে পরামর্শ দেওয়া হয়েছে রুশ তেল কেনার পরিমাণ কমিয়ে আনার জন্য।

## জাপানে পুনর্নির্বাচিত টাকাইচি



৯ ফেব্রুয়ারি: জাপানের প্রথম মহিলা প্রধানমন্ত্রী সানাই টাকাইচি সেদেশের আইনসভার মেয়াদ শেষের আগেই হওয়া নির্বাচনে জয়লাভ করলেন। মাসচারেক আগেই ক্ষমতায় আসেন টাকাইচি। তাঁর জনপ্রিয়তা, অক্ষুণ্ণ থাকলেও সম্প্রতি এক কেলেঙ্কারির ঘটনায় তাঁর দল লিবারাল ডেমোক্র্যাটিক পার্টির জনপ্রিয়তা কমেছিল। তাই মেয়াদ শেষের আগেই নির্বাচনের সিদ্ধান্ত নেন টাকাইচি। তাঁর দল পার্লামেন্টের নিম্ন কক্ষে ৪৬৫টির মধ্যে ৩১০টি আসনে জয়ী হয়েছে।

**৯ ফেব্রুয়ারি** লাদাখের পরিবেশকর্মী সোনম ওয়াংচুককে কেন এখনও আটক করে রাখা হয়েছে, তা কেন্দ্র সরকারের কাছে জানতে চাইল সুপ্রিম কোর্ট। সোনমের শারীরিক অবস্থার কথা বিবেচনা করে তাঁকে মুক্তি দেওয়ার বিষয়ে কেন্দ্রকে ভাবনা-চিন্তা করতে বলেছে শীর্ষ আদালত। উল্লেখ্য, গতবছর ২৬ সেপ্টেম্বর লাদাখে অশান্তিতে মদত দেওয়ার অভিযোগে আটক করা হয়েছিল ওয়াংচুককে।

**পশ্চিমবঙ্গে এসআইআর নিয়ে** শুনানিতে সুপ্রিম কোর্ট একগুচ্ছ নির্দেশ জারি করল। এর মধ্যে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের দাবি মেনে নিয়ে সুপ্রিম কোর্ট জানিয়েছে, পশ্চিমবঙ্গে এসআইআর-এর সময়সীমা আরও বাড়ছে। সেই সঙ্গে সুপ্রিম কোর্ট আরও জানিয়েছে, মাইক্রো অবজার্ভাররা নয়, ভোটার তালিকায় কার নাম থাকবে, কোন নথি খারিজ করা হবে, সে বিষয়ে ইআরও-রাই চূড়ান্ত সিদ্ধান্ত নেবেন! মাইক্রো অবজার্ভাররা শুধু তাদের সহযোগিতা করবেন। উল্লেখ্য, রাজ্য সরকার তথা মামলাকারীদের অভিযোগ ছিল নির্বাচন কমিশন পশ্চিমবঙ্গে এসআইআর-এর কাজে বাইরের রাজ্য থেকে নিয়ে এসে বা কেন্দ্রীয় সরকারের আধিকারিকদের মাইক্রো অবজার্ভার নিয়োগ করেছে।

**১০ ফেব্রুয়ারি** পশ্চিমবঙ্গে ভাতা-প্রকল্প কার্যকর করার সময় বদল করল রাজ্য সরকার। এদিন মুখমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় নবান্নে ঘোষণা করেন যুব-সাথী, ক্ষেতমজুরদের ভাতা এবং ক্ষুদ্র সেচে বিদ্যুৎ বিল মকুব— এই তিনটি প্রকল্প ১ এপ্রিল থেকে চালু করে দেওয়া হবে। ৫ ফেব্রুয়ারি অন্তর্বর্তিকালীন বাজেটে (ভোট অন অ্যাকাউন্ট) ঘোষিত ওই তিনটি প্রকল্প শুরু হওয়ার কথা ছিল ভোটের পরে। আচমকা এগুলি শুরু করে দেওয়া হল কেন তা নিয়ে রাজনৈতিক মহলে চর্চা শুরু হয়েছে।

**দেশে 'অস্বাভাবিক পরিস্থিতি'তে** 'অস্বাভাবিক পদক্ষেপ'-এর যুক্তি দেখিয়ে লোকসভার স্পিকারের পদ থেকে ওম বিড়লাকে অপসারণের জন্য বিরোধী শিবিরের ১১৮ জন সাংসদের সই করা 'অনাস্থা প্রস্তাব' সংসদে জমা পড়ল। বিরোধী শিবিরে থাকলেও তৃণমূল কংগ্রেস এই প্রস্তাবে শামিল হয়নি। তাদের বাদ দিয়ে কংগ্রেস, ডিএমকে, সমাজবাদী পার্টি, শরদ পাওয়ারের এনসিপি, উদ্ধব ঠাকরের শিবসেনা-সহ প্রায় সব বিরোধী দলের সাংসদরাই এতে সই করেছেন।

## অনূর্ধ্ব-১৯ বিশ্বকাপ জয় ভারতের




৬ ফেব্রুয়ারি: জিম্বাবোয়ের রাজধানী হারারেতে অনূর্ধ্ব-১৯ ক্রিকেট বিশ্বকাপ জিতল ভারত। ফাইনালে ইংল্যান্ডকে ১০১ রানে হারাল তারা। ৫০ ওভারে ভারতের ৪১১ রানের বিশাল স্কোর তাড়া করে ইংল্যান্ড অনূর্ধ্ব-১৯ দল থেমে যায় ৩১১ রানে। ভারতের বৈভব সূর্যবংশী ৮০ বলে ১৭৫ রান করে নজির গড়লেন। যুব একদিনের ক্রিকেটে ফাইনাল বা নক আউট ম্যাচে এটাই সর্বাধিক রান। ১৭৫ রানের ইনিংসে ১৫টি ছয়, ১৫টি চারও যুব একদিনের ম্যাচে এক ইনিংসে সর্বাধিক।

জলে-জমিতে কর্মক্ষেত্র

# আমের ফল ঝরে পড়ার সমস্যা ও তার প্রতিকার





**সামনেই আমের মরসুম। ফেব্রুয়ারির শুরু থেকেই মুকুল আসতে শুরু করেছে আমগাছে। এ সময় আমচাষিদের অত্যন্ত সতর্ক থাকতে হবে, যেহেতু নানা বাহ্যিক ও জৈবিক কারণে এ সময় আমগাছে ফল ধরা বাধাপ্রাপ্ত হয়। সাবধানতার দিশা দেখাচ্ছেন পশ্চিমবঙ্গ সরকারের অবসরপ্রাপ্ত যুগ্ম কৃষিঅধিকর্তা সৌমেন্দ্রনাথ দাস।**

পশ্চিমবঙ্গের অন্যতম প্রধান অর্থকরী ফল আম। এই রাজ্যের প্রায় ১,০৫,০১০ হেক্টর জমিতে আমের চাষ হয়। এর মধ্যে সর্বাধিক আম চাষের এলাকা রয়েছে মালদা ও মুর্শিদাবাদ জেলায়। স্থানীয় এবং উচ্চফলনশীল উন্নত জাতের আমের চাষ হয় এই রাজ্যের জেলাগুলিতে। এ বছর আমগাছে প্রচুর সংখ্যায় আমের মুকুল এসে গেছে, ফেব্রুয়ারি মাসের প্রথম ও দ্বিতীয় সপ্তাহের মধ্যে। তবে জাত অনুসারে আমের মুকুল আসার সময়কাল ভিন্ন। তাপমাত্রা এবং সূর্যালোক আমগাছে মুকুল আসার সময়কালকে প্রভাবিত করতে পারে।

মুকুল আসা এবং গাছে ফল ধরার সময় বেশ কিছু সমস্যার সম্মুখীন হন আমচাষিরা। এই সব সমস্যা আমের ফলনের পরিমাণ এবং গুণমানের ক্ষতি করতে পারে। তাই গাছের ডালগুলিতে মুকুল আসার সঙ্গে সঙ্গে আমচাষিদের যথেষ্ট সতর্ক থাকতে হবে এবং এই অবস্থায় করণীয় কাজগুলি সম্পর্কে অবহিত হতে হবে।

ফুল প্রস্ফুটনের ফলে গাছে ফল আসার সময় এবং ফলগুলি যাতে টিঁকে থাকে, সে জন্য আমচাষিদের বিশেষ সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ করতে হয়।

অপরিপক্ক ফল ঝরে পড়া আমগাছের অন্যতম প্রধান সমস্যা। এই সমস্যা আমের উৎপাদনকে বহুলাংশে কমিয়ে দিতে পারে। আমের শাখায় যে-পরিমাণ মুকুল আসে বা ফুল ফোটে তার সিংহভাগ থেকে ফল হয় না। ফুল থেকে ফল ধরা এবং তা পরিপক্ক হওয়ার সময়কালের মধ্যে আমের ফল ঝরে পড়ে। অপরিপক্ক ফল নানা কারণে ঝরে পড়তে পারে। এই সব কারণগুলি হল:

- বাতাসের কম আর্দ্রতা, উচ্চ তাপমাত্রা, শুষ্কতা অথবা কনকনে ঠান্ডা আবহাওয়া।
- মাটিতে জলের পরিমাণ কম হওয়া।
- অসময়ে হওয়া ঝড় ও অধিক বৃষ্টি।
- গাছের খাদ্য উৎপাদনে ঘাটতি। মাটিতে প্রধান খাদ্য-উপাদান ছাড়াও বোরন ও ক্যালসিয়ামের মতো অনুখাদ্যের ঘাটতি থাকে, যা আমগাছের পক্ষে ক্ষতিকর। পুষ্টির অভাবেও প্রচুর ফল ঝরে পড়ে।
- গাছের দেহে প্রাকৃতিক উদ্ভিদ হরমোন অক্সিন, জিব্বারেলিন এবং সাইটোকাইনিলের অভাব।
- ফুল ফোটার পরবর্তী পরাগমিলনের কাজটি মাছি ও মৌমাছিদের অভাবে সফল ভাবে হতে না পারার কারণেও ফল ধরা এবং পরিপক্কতার মতো গুরুত্বপূর্ণ পর্যায় বাধাপ্রাপ্ত হয়।
- ক্ষতিকারক পোকামাকড়, শোষক এবং ফলের মাছির উপদ্রবেও বাড়ন্ত ফলগুলি আক্রান্ত হয়ে গাছ থেকে অকালে ঝরে পড়ে।

এই সব সমস্যা থেকে গাছকে বাঁচাতে এবং ফল ঝরে পড়ার সমস্যা থেকে রেহাই পেতে কিছু ব্যবস্থামূলক পদক্ষেপ করতে হবে—

- ✓ গাছে ২০ পিপিএম মাত্রায় ন্যাপথালিন ও অ্যাসেটিক অ্যাসিড হরমোন, ফলগুলি মটরদানার মতো অবস্থায় থাকাকালীন স্প্রে করতে হবে।
- ✓ বোরন পাউডার (২০) প্রতি লিটার জলে ১ গ্রাম হিসেবে মিশিয়ে নিয়ে স্প্রে করতে হবে।
- ✓ গ্রীষ্মকালে জলের অভাব ঠেকাতে জমির মাটিতে জলসেচ করতে হবে।
- ✓ আমের পোষক পোকাদের আক্রমণের হাত থেকে রক্ষা পেতে কীটনাশক ইমিডাক্লোরপিড প্রতি লিটার জলে ১ মিলিলিটার হিসেবে মিশিয়ে নেওয়ার পর গাছে স্প্রে করতে হবে।

কী শিখবেন, কোথায় শিখবেন

# নিখরচায় চাকরি ও ব্যবসার প্রশিক্ষণ

**নিজস্ব প্রতিনিধি:** চাকরি কিংবা ব্যবসা, দুই ক্ষেত্রেই এগোতে গেলে যথাযথ প্রশিক্ষণের প্রয়োজন। অফিসের কাজে কম্পিউটারের ব্যবহার জানা, অ্যাকাউন্টস বিভাগে কাজ করতে গেলে অ্যাকাউন্টিং সফটওয়্যারে কাজ করতে জানা, এমনকী মার্কেটিং, ইভেন্ট ম্যানেজমেন্ট কিংবা অনলাইন কেনাকাটার ক্ষেত্রে ক্রেতার সঙ্গে যোগাযোগ রাখা— এই সব ক্ষেত্রেই কম্পিউটারে কাজ করতে জানা জরুরি। যাঁরা চাকরির বদলে অল্প পুঁজি নিয়ে ব্যবসা করতে চাইছেন, তাঁদের ক্ষেত্রে আবার বড় সমস্যা কীভাবে ব্যবসা শুরু করবেন, কীসের ব্যবসা করবেন এবং কীভাবে সে ব্যবসা এগিয়ে নিয়ে যাবেন, তার ধারণা না থাকা। এই সব বিষয়ে নিখরচায় হাতে-কলমে প্রশিক্ষণ দেয় আমুক্তিকা অ্যান্ড জেড ডব্লু আই ইকোলজিকাল সলিউশন ট্রাস্ট।

এই সংস্থা দশ বছর আগে জুয়েলারি রিসাইক্লিং দিয়ে পথ চলা শুরু করেছিল। বর্তমানে বিভিন্ন সমাজসেবামূলক কাজের সঙ্গে যুক্ত সংস্থাটি। এঁদের ফেলে দেওয়া জিনিস থেকে মানুষের ব্যবহারের উপযোগী নানা সামগ্রী তৈরির প্রকল্পে যুক্ত রয়েছেন প্রান্তিক মানুষ ও দুঃস্থ মহিলারা। তাঁদের আর্থিক স্বনির্ভরতার পথ দেখাচ্ছে আমুক্তিকা।

## প্রশিক্ষণের খুঁটিনাটি

লাস্ট বেঞ্চার্স অফিস স্কুলিং প্রোগ্রাম, জিরো ওয়েস্ট ডেভেলপমেন্ট প্রোগ্রাম, অপরচুনিটিস ফর ইকো ওয়ারিয়র্স।

**প্রশিক্ষণ শুরু:** ১৫ এপ্রিল থেকে।

**কোর্সের মেয়াদ:** দু' মাস।

**ক্লাসের সময়:** ক্লাস হবে সপ্তাহে দু'দিন। মঙ্গল ও বৃহস্পতিবার সকাল ১১টা থেকে দুপুর ১টা পর্যন্ত। এ ছাড়া সোম ও শুক্রবার সন্ধে ৭টা থেকে রাত ৯টা অবধি। শিক্ষার্থী তাঁর সুবিধা মতো যে-কোনও স্লটে ভর্তি হতে পারেন।

**যোগ্যতা:** স্মার্ট ফোন পরিচালনা জানতে হবে। বেসিক কম্পিউটারের জ্ঞান থাকতে হবে। এছাড়া বয়স ও শিক্ষাগত যোগ্যতার কোনও বাধানিষেধ নেই।

**পঠনপাঠনের ভাষা:** বাংলা।

**যোগাযোগ:** বিস্তারিত জানতে ফোন করতে পারেন এই নম্বরে: ৯৮৭৫৪-৫৮৪০১ (ফোন করার সময় বেলা ১১টা থেকে বিকেল ৫টা)। ওয়েবসাইট: www.amuktika.com

## ফল বেরল

**স্টাফ সিলেকশন কমিশন** আয়োজিত 'জুনিয়র ইঞ্জিনিয়ার এক্সামিনেশন, ২০২৫'-এর মাধ্যমে সিভিল, মেকানিক্যাল ও ইলেক্ট্রিক্যাল শাখায় জুনিয়র ইঞ্জিনিয়ার পদে নিয়োগের পেপার-ওয়ান পরীক্ষার ফল প্রকাশিত হয়েছে এই ওয়েবসাইটে: https://ssc.gov.in সফল প্রার্থীদের এ বার পেপার টুয়ের পরীক্ষা হবে। পরীক্ষার তারিখ ৭ এপ্রিল। খুঁটিনাটি জানতে দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# আয়ুর্বেদ, যোগা, হোমিয়োপ্যাথির শিক্ষক নিয়োগের পরীক্ষা

**নিজস্ব প্রতিনিধি:** আয়ুর্বেদ, যোগা, নেচারোপ্যাথি, ইউনানি, সিদ্ধ এবং হোমিয়োপ্যাথির শিক্ষক নিয়োগের যোগ্যতা নির্ণায়ক পরীক্ষা ২৮ এপ্রিল। ন্যাশনাল টিচার্স এলিজিবিলিটি টেস্ট (এনটিইটি) শীর্ষক জাতীয় স্তরের এই পরীক্ষা নেবে ন্যাশনাল টেস্টিং এজেন্সি (এনটিএ)। কম্পিউটার ভিত্তিক পরীক্ষা। ১০০টি মাল্টিপল চয়েস ধাঁচের প্রশ্ন হবে। মোট সময় ২ ঘণ্টা।

**আবেদনের যোগ্যতা:** আয়ুর্বেদ, যোগা, নেচারোপ্যাথি, ইউনানি, সিদ্ধ এবং হোমিয়োপ্যাথিতে স্নাতকোত্তর ডিগ্রি। আবেদনের শেষ তারিখ: ২ এপ্রিল। ফি: ৪,০০০ টাকা (সংরক্ষিত শ্রেণির ক্ষেত্রে ৩,০০০ থেকে ৩,৫০০ টাকা)।

**আবেদনের পদ্ধতি:** অনলাইন আবেদন করতে হবে এই ওয়েব-সাইটের মাধ্যমে: https://exams.nta.nic.in/ntet/ আবেদনপত্রে ভুল থাকলে সংশোধন করা যাবে ৪ থেকে ৬ এপ্রিলের মধ্যে।



বিশদ জানতে দেখুন এই ওয়েবসাইট: https://nta.ac.in/


Ramakrishna Mission Shilpamandira
( An AICTE Approved Self-Financed Polytechnic )
208 G.T. Road, Belur Math, Howrah - 711 202
Estd. 1954
Affiliated to WBSCT&VE&SD

New Admissions 2026 – 2027

Online Application Form : 50/-
Shilpamandira Admission Test (SAT) : 19 April 2026
Visit : www.shilpamandira.org or www.belursat.org
Last Date of Submission : 15 April 2026
Exam Time : 10:00 a.m. - 12:00 Noon
Contact : 2654 9381 / 9433012463

3 Years Diploma
- Civil Engineering
- Mechanical Engineering
- Electrical Engineering
- Electronics & Telecommunication Engg.

Eligibility
- Madhyamik or Equivalent with
  - Math + Phys. Sc. > 50% (Desirable)
  - Aggregate > 50% marks (Desirable)
- DOB - (01/01/2005- 30/06/2011)
  Max Age- 21 yrs (01/07/2026)
- Valid JEXPO/Council Rank 2026
- Indian Male Only

Facilities
• Beautiful Campus near Belur Math • Disciplined Academic Culture • Placement Assistance • Industry Visit • Excellent Labs • Library Facility



SPK JAIN FUTURISTIC ACADEMY
GYAN | DARSHAN | CHARITRA
A unit of Shree S S Jain Sabha




Student Outreach
Awarded for Best Holistic Student Development & Co-Curricular Development 2025

ADMISSIONS OPEN
for Session 2026-2027
Toddler to Grade IX & XI



IGCSE (Cambridge) | CBSE
K-XII Experiential Learning School
Merit-Based Scholarship Upto 50% Available

CO-SCHOLASTIC
• FILM MAKING & PHOTOGRAPHY • ROBOTICS • DANCE • JUDO • MUSIC • SPORTS
• GYMNASTICS / RIFLE SHOOTING • ROLLER SKATING • POTTERY • ART • CHESS • YOGA

Visit: www.jfaedu.com
Email: admissions@jfaedu.com | Call 91635 22225

চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

# ডব্লু বি সি এস প্রিলিমিনারি

## পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

**Direction (1 to 5):** *Choose the word which can be substituted of the given sentences.*

1. A school boy who cuts classes frequently is a:
(a) Sycophant (b) Truant (c) Defeatist (d) Impose
2. The act of violating the sanctity of the church is:
(a) Heresy (b) Blasphemy (c) Sacrilege (d) Desecration
3. A place where bees are kept is called:
(a) An apiary (b) A sanctuary (c) A hive (d) A mole
4. A book to its original hand written form is called:
(a) Classic (b) Script (c) Graphic (d) Manuscript
5. A place for sick people who need long periods of treatment or rest.
(a) Hospital (b) Clinic (c) Asylum (c) Sanatorium

**Direction (6 to 10):** *Choose the word opposite in meaning to the given word.*

6. Improper
(a) Orderly (b) Apt (c) Decent (d) Clean
7. Identical
(a) Unlikely (b) Dissimilar (c) Increase (d) Different
8. Monogamy
(a) Polygamy (b) Polyandry (c) Bigamy (d) Matrimony
9. Admit
(a) Condemn (b) Ignore (c) Reject (d) Deny
10. Zenith
(a) Top (b) Pinnacle (c) Nadir (d) Conceit

**Direction (11 to 15):** *Choose the word which best expresses the same meaning of the given word.*

11. Rampant
(a) Manifest (b) Widespread (c) Directed (d) Manifest
12. Fierce
(a) Menacing (b) Peaceful (c) Gentle (d) Dreadful
13. Abandon
(a) Discontinue (b) Neglect (c) Magnify (d) Condense
14. Several
(a) Few (b) Less (c) None (d) Many
15. Fraud
(a) Integral (b) Deceit (c) Apprehension (d) Decline

**Direction (16 to 20):** *Fill in the blanks with appropriate words.*

16. The new policy will be ___ to the house by the Minister within a week.
(a) announced (b) declared (c) approved (d) published
17. My father ____ in puri last month,
(a) were (b) was (c) is (d) has
18. You have all come wel prepared I ___ you to pass this exam.
(a) wish (b) except (c) hope (d) expect
19. Crocodiles can live effortlessly both ____ water and ___ land.
(a) with, over (b) without, the (c) in, on (d) into, the
20. Many citizens of that country have risked death in ____ because conditions there have grown very ___.
(a) save, bad (b) escape, severe (c) life, worse (d) finally, decide

**Direction (21 to 25):** *Find the mispelt word.*

21. (a) Final (b) Untill (c) Fulfil (d) Careful
22. (a) Neighbour (b) Receive (c) Sieze (d) Receipt
23. (a) Organiser (b) Grammer (c) Carrier (d) Instructor
24. (a) Opening (b) Beginning (c) Referring (d) Organiser
25. (a) Commendable (b) Callous (c) Superstitious (d) Accomodation
26. সবচেয়ে বেশি যে ধাতু মানবদেহে বর্তমান সেটি কোনটি?
(a) লৌহ (b) সোডিয়াম (c) ক্যালসিয়াম (d) পটাসিয়াম
27. প্রথম ভারতীয় হিসাবে মহাকাশ ভ্রমণ করেন কে?
(a) বিক্রম চৌধুরি (b) রাকেশ শর্মা (c) কল্পনা চাওলা (d) দীপ্তি নাভাল
28. 'ইন্ডিয়ান মিলিটারি অ্যাকাডেমি' কোথায় অবস্থিত?
(a) পাটনা (b) জব্বলপুর (c) দেরাদুন (d) গড়ভবানীপুর
29. নীচের দেশগুলির মধ্যে কোনটির লিখিত সংবিধান নেই?
(a) রাশিয়া (b) আমেরিকা (c) ইংল্যান্ড (d) ফ্রান্স
30. ভারতের জাতীয় রং কোনটি?
(a) আকাশি নীল (b) হলুদ (c) সবুজ (d) লাল
31. নবদ্বীপ থেকে বঙ্গোপসাগর অবধি গঙ্গা নদীর নাম কী?
(a) ইছামতী (b) হুগলি (c) গঙ্গা (d) ভাগীরথী
32. পশ্চিমবঙ্গ মানব উন্নয়ন প্রতিবেদন প্রথম কবে প্রকাশিত হয়?
(a) 2001 সালে (b) 2002 সালে (c) 2003 সালে (d) 2004 সালে
33. 'বন্দেমাতরম' গানটি নেওয়া হয়েছে?
(a) 'আনন্দমঠ' থেকে (b) 'গোরা' থেকে (c) 'পথের দাবী' থেকে (d) 'দুর্গেশনন্দিনী' থেকে
34. টেলিস্কোপের নলের উভয়প্রান্তেই থাকে:
(a) উত্তল লেন্স (b) অবতল লেন্স (c) সমউত্তল লেন্স (d) সম অবতল লেন্স
35. কত সালে সতীদাহ প্রথা নিষিদ্ধ হয়?
(a) 1829 সালে (b) 1826 সালে (c) 1824 সালে (d) 1822 সালে
36. 'ওঙ্কার মন্দির' ভারতের কোন রাজ্যে অবস্থিত?
(a) তামিলনাড়ু (b) ওড়িশা (c) মধ্যপ্রদেশ (d) পশ্চিমবঙ্গ
37. 'হেপাটাইটিস' রোগে মানবদেহের কোন অঙ্গ আক্রান্ত হয়?
(a) বৃক্ক (b) যকৃৎ (c) মস্তিষ্ক (d) চক্ষু
38. প্রধানমন্ত্রী তাঁর কাজের জন্য কার কছে দায়বদ্ধ থাকেন?
(a) মন্ত্রীপরিষদ (b) রাষ্ট্রপতি (c) রাজ্যসভা (d) লোকসভা
39. 'স্কার্ভি' রোগটি কোন ভিটামিনের অভাবে মানবদেহে দেখা যায়?
(a) ভিটামিন A (b) ভিটামিন K (c) ভিটামিন C (d) ভিটামিন $B_2$
40. প্রথম হকি বিশ্বকাপ কোন দেশে অনুষ্ঠিত হয়?
(a) জার্মানি (b) ভারত (c) ইংল্যান্ড (d) স্পেন
41. 'মিনা' উপজাতি ভারতের কোন রাজ্যে বসবাস করে?
(a) রাজস্থান (b) মধ্যপ্রদেশ (c) মণিপুর (d) মিজোরাম
42. স্প্রিং তুলাযন্ত্রে বস্তুর কী মাপা হয়?
(a) দুরত্ব (b) ওজন (c) ভর (d) গতিবেগ
43. তাস খেলার একটি প্যাকেটে মোট ক'টি তাস থাকে?
(a) 49টি (b) 50টি (c) 51টি (d) 52টি
44. কার অধিনায়কত্বে ভারত প্রথম এবং একমাত্র হকি বিশ্বকাপ জিতেছিল?
(a) গগন সিং (b) ধ্যানচাঁদ (c) অজিত পাল সিং (d) ধনরাজ পিল্লাই
45. 'চৈ চৈ চৈ চৈ' নামক কাব্যগ্রন্থটি কে রচনা করেছিলেন?
(a) সুনীল গঙ্গোপাধ্যায় (b) কবি জসিমুদ্দিন (c) সুভাষ মুখোপাধ্যায় (d) নিরেন্দ্রনাথ চক্রবর্তী
46. কোন পরিকল্পনায় কৃষি ও শিল্পকে সমান গুরুত্ব দেওয়া হয়েছিল?
(a) প্রথম (b) দ্বিতীয় (c) তৃতীয় (d) চতুর্থ
47. নীচের কোন রাসায়নিকে মুক্তো গলে যায়?
(a) অ্যাকোয়ারিজিয়া (b) ভিনিগার (c) কপার অক্সালেট (d) NaCl-এর দ্রবণ
48. কোন প্রাণীর চোখে পেকটিন থাকে?
(a) মাছ (b) বিড়াল (c) পেঁচা (d) পায়রা
49. কার সময় থেকে কংগ্রেসে 'আবেদন-নিবেদন' নীতির অবসান ঘটে?
(a) অরবিন্দ ঘোষ (b) বালগঙ্গাধর তিলক (c) মহাত্মা গান্ধী (d) সুভাষচন্দ্র বোস
50. ভোলা ময়রা সঙ্গীতের কোন শাখার সঙ্গে যুক্ত ছিলেন?
(a) ঠুংরী (b) ভাটিয়ালি (c) টপ্পা (d) কবিগান
51. রবীন্দ্রনাথের 'চিত্রাঙ্গদা' একটি:
(a) ছোট গল্প (b) নাট্যকাব্য (c) কবিতা সংকলন (d) উপন্যাস
52. বীজের অঙ্কুরোদ্গমে নীচের কোন জিনিসটি প্রয়োজনীয়?
(a) জল (b) আলো (c) নির্দিষ্ট তাপমাত্রা (d) অক্সিজেন
53. কোন শ্বেতকণিকা অ্যান্টিবডি সৃষ্টি করে?
(a) লিম্ফোসাইট (b) নিউট্রোফিল (c) মনোসাইট (d) বেসোফিল
54. ভারতের মশলা উদ্যান কোন রাজ্যের অপর নাম?
(a) মধ্যপ্রদেশ (b) কেরল (c) কর্নাটক (d) গুজরাট
55. বেহালার বাদ্যযন্ত্রে ক'টি তার থাকে?
(a) 8টি (b) 7টি (c) 6টি (d) 5টি
56. এশীয় উন্নয়ন ব্যাঙ্কের সদর দপ্তর কোথায় অবস্থিত?
(a) মুম্বই (b) ম্যানিলা (c) কলোম্বো (d) বেজিং
57. কোন দেশে প্রথম হোমিওপ্যাথি চিকিৎসার উদ্ভাবন ঘটে?
(a) ভারত (b) জাপান (c) জার্মানি (d) অমেরিকা
58. রাষ্ট্রপুঞ্জের বিশ্ব উদ্বাস্তু দিবস কবে পালিত হয়?
(a) 20 জুন (b) 21 জুন (c) 22 জুন (d) 23 জুন
59. ম্যাগনেটাইট কীসের আকরিক?
(a) লৌহ (b) তামা (c) দস্তা (d) অ্যালুমিনিয়াম
60. 'সৌন্ধব লবণ' কোন শিলার অন্তর্গত?
(a) রূপান্তরিত শিলা (b) আগ্নেয় শিলা (c) পাললিক শিলা (d) ব্যাসল্ট শিলা
61. দামোদর উপত্যকা অঞ্চলে পুরাতন কয়লাখনি কোনটি?
(a) তালচের (b) বোকারো (c) রাণিগঞ্জ (d) দুর্গাপুর
62. ভারতের পরিকল্পনা কমিশন গঠন সংবিধানের — ধারায় উল্লিখিত আছে।
(a) 196 (b) 308 (c) 360 (d) কোনও ধারায় উল্লেখ নেই
63. কীসের দ্বারা প্রাথমিক এবং গৌন বৃদ্ধি বাধাপ্রাপ্ত হয়?
(a) অক্সিন (b) জিব্বেরেলিন (c) অ্যাবসিসিক অ্যাসিড (d) সাইটোকাইনিন
64. রাজ্য পুনর্গঠন কমিশনের সুপারিশ পশ্চিমবঙ্গে কবে রূপায়িত হয়েছিল?
(a) 1956 (b) 1957 (c) 1958 (d) 1959
65. বাংলায় প্রচারিত প্রথম সংবাদপত্রের নাম কী ছিল?
(a) সংবাদ কৌমুদী (b) সমাচার দর্পণ (c) তত্ত্ববোধিনী পত্রিকা (d) সংবাদ প্রভাকর

এরপর নয়ের পাতায়

# রেলে নন-টেকনিক্যাল পপুলার ক্যাটেগরি

## সি বি টি-১ নিয়োগ পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

1. 'বিশ্ব তামাক মুক্ত দিবস' হিসেবে কোন দিনটি পালিত হয়?
(a) 31 মে (b) 21 জুন (c) 26 মে (d) 22 জুন
2. ভারতের আবহাওয়াকে কয় ভাগে ভাগ করা যায়?
(a) দু'টি ঋতুতে (b) তিনটি ঋতুতে (c) চারটি ঋতুতে (d) ছয়টি ঋতুতে
3. কোনটি উত্তর ভারতের নদী?
(a) গোদাবরী (b) মহানদী (c) গঙ্গা (d) তাপ্তি
4. 'ওনাম' উৎসবটি কোন রাজ্যে পালিত হয়?
(a) বিহার (b) কেরল (c) মণিপুর (d) নাগাল্যান্ড
5. পঁচিশতম ভারতীয় অঙ্গরাজ্য কোনটি?
(a) মিজোরাম (b) গোয়া (c) দমন ও দিউ (d) অরুণাচল প্রদেশ
6. নীচের কোনটি মৌল নয়?
(a) অক্সিজেন (b) সিলিকন (c) ক্লোরিন (d) মার্বেল
7. কোন যন্ত্রের সাহায্যে বাতাসের আর্দ্রতা পরিমাপ করা হয়?
(a) হাইগ্রোমিটার (b) ব্যারোমিটার (c) হাইড্রোমিটার (d) অল্টিমিটার
8. 'হুমায়ুননামা'-র লেখক কে?
(a) খানজাদা বেগম (b) হুমায়ুন (c) গুলবদন বেগম (d) আবুল ফজল
9. কোন রাজ্যকে 'সমুদ্রের দান' বলা হয়?
(a) তামিলনাড়ু (b) ওড়িশা (c) কেরল (d) কর্নাটক
10. কোন রোগে ক্লোরোমাইসিটিন ঔষধ ব্যবহৃত হয়?
(a) টাইফয়েড (b) যক্ষ্মা (c) হার্ট অ্যাটাক (d) আমাশয়
11. জিম্বাবোয়ের রাজধানীর নাম কী?
(a) লুসাকা (b) হারারে (c) নাইরোবি (d) নিয়ামি
12. 'বিশ্ব আবহাওয়া দিবস' কোন তারিখে পালিত হয়?
(a) 21 মার্চ (b) 22 মার্চ (c) 23 মার্চ (d) 24 মার্চ
13. ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক প্রতিষ্ঠিত হয়:
(a) 1935 সালে (b) 1936 সালে (c) 1937 সালে (d) 1938 সালে
14. ঔরঙ্গজেব কোন শিখ গুরুকে মৃত্যুদণ্ড দেন?
(a) গুরু নানক (b) গুরু গোবিন্দ সিং (c) অর্জুন সিং (d) গুরু তেগবাহাদুর
15. বরাকর কোন নদীর প্রধান শাখা?
(a) অজয় (b) দামোদর (c) মহানদী (d) গঙ্গা
16. সারা ভারতে আপৎকালীন অবস্থা কে জারি করতে পারেন?
(a) লোকসভার অধ্যক্ষ (b) প্রধানমন্ত্রী (c) উপরাষ্ট্রপতি (d) রাষ্ট্রপতি
17. একটি ঘড়ির স্প্রিংকে গুটালে কী ধরনের শক্তি কাজ করে?
(a) চুম্বক শক্তি (b) তড়িৎশক্তি (c) স্থিতি শক্তি (d) গতি শক্তি
18. ভারতে পঞ্চায়েতিরাজ কোন সালে শুরু হয়েছিল?
(a) 1959 (b) 1960 (c) 1961 (d) 1962
19. ভিটামিন 'সি'-এর বৈজ্ঞানিক নাম:
(a) মিউরেটিক অ্যাসিড (b) অ্যাসেটিক অ্যাসিড (c) অ্যাসকরবিক অ্যাসিড (d) ল্যাকটিক অ্যাসিড
20. একটি ক্ষারীয় দ্রবণের pH সর্বদা কত?
(a) 7 (b) 7-এর কম (c) 7-এর বেশি (d) 2 ও 3-এর মধ্যে
21. LPG-এর মূল উপাদান কোনটি?
(a) প্রোপেন (b) মিথেন (c) ইথেন (d) বিউটেন
22. পশ্চিমবঙ্গে ল্যাটেরাইট মৃত্তিকা পাওয়া যায়:
(a) দক্ষিণ চব্বিশ পরগনায় (b) বাঁকুড়াতে (c) দার্জিলিংয়ে (d) উত্তর চব্বিশ পরগনায়
23. ভারতের বাণিজ্যিক রাজধানী কোনটি?
(a) দিল্লি (b) মুম্বই (c) চেন্নাই (d) কলকাতা
24. লোহার মরিচা পড়া কী ঘটনা?
(a) জারণ (b) বিজারণ (c) জলযোজন (d) জলবিয়োজন
25. পশ্চিমবঙ্গের কোন স্থানের পূর্বনাম কুমারহট্ট?
(a) চন্দননগর (b) শ্রীরামপুর (c) হালিশহর (d) কাঁচরাপাড়া
26. শেষ জৈন তীর্থঙ্কর কে ছিলেন?
(a) ঋষভদেব (b) পরেশনাথ (c) ভদ্রবাহু (d) মহাবীর
27. যুগ্ম তালিকায় নীচের কোন বিষয় অন্তর্ভুক্ত?
(a) কৃষিকার্য (b) শিক্ষা (c) মাছ চাষ (d) পুলিশ
28. ভারতের অধিকাংশ জিপসাম কোথায় পাওয়া যায়?
(a) মহারাষ্ট্র (b) রাজস্থান (c) কেরল (d) পশ্চিমবঙ্গ
29. কর্কটক্রান্তি রেখা নীচের কোন রাজ্যের মধ্য দিয়ে গিয়েছে?
(a) রাজস্থান (b) মধ্যপ্রদেশ (c) কেরল (d) তামিলনাড়ু
30. ম্যাগনেটাইট কীসের আকরিক?
(a) তামা (b) দস্তা (c) অ্যালুমিনিয়াম (d) লৌহ
31. 'মেহগনি' কোন শ্রেণির বৃক্ষ?
(a) পর্ণমোচি (b) ম্যানগ্রোভ (c) চিরহরিৎ (d) গুল্ম
32. 'মুলার' কোন খেলার সঙ্গে যুক্ত ছিলেন?
(a) ফুটবল (b) ক্রিকেট (c) হকি (d) টেনিস
33. 'ভৈরব রাগ' কোন ঋতুর সঙ্গে যুক্ত?
(a) হেমন্তকাল (b) গ্রীষ্মকাল (c) শরৎকাল (d) বর্ষাকাল
34. মুরলীধরনের 800তম টেস্ট শিকার কে?

এরপর নয়ের পাতায়

# চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

## ডব্লু বি সি এস প্রিলিমিনারি

### পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*আটের পাতার পর*

66. আন্তর্জাতিক শিক্ষাবর্ষ কত সালে পালিত হয়েছিল?
(a) 1968 (b) 1969 (c) 1970 (d) 1971
67. কোন লোকসভা 5 বছরেরও বেশি সময় ধরে চালু ছিল?
(a) পঞ্চম (b) ষষ্ঠ (c) সপ্তম (d) অষ্টম
68. 'শিলভদ্র' কোন বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ছিলেন?
(a) তক্ষশীলা (b) নালন্দা (c) মগধ (d) বিজয়নগর
69. 'জার্মান সিলভার' কোন কোন ধাতুর সংকর?
(a) তামা, দস্তা ও নিকেল (b) তামা, টিন (c) তামা ও দস্তা (d) তামা, দস্তা ও টিন
70. কোন খেলার সঙ্গে 'টাচডাউন' শব্দটি যুক্ত?
(a) টেবিল টেনিস (b) দাবা (c) আমেরিকান ফুটবল (d) ঘোড় দৌড়
71. সংবিধানের কোন অংশে 'নাগরিকতা' বিষয়টি আছে?
(a) পার্ট I-এ (b) পার্ট IIA (c) পার্ট III-এ (d) পার্ট IV-এ
72. 'বাল্টিক কাপ' কোন খেলার সঙ্গে যুক্ত?
(a) গল্ফ (b) পোলো (c) দাবা (d) ফুটবল
73. ঔরঙ্গজেব কোন বাদ্যযন্ত্র বাজানোয় দক্ষ ছিলেন?
(a) সেতার (b) তবলা (c) সরোদ (d) বীণা
74. আফ্রিকা মহাদেশের সর্বনিম্ন বিন্দু কোনটি?
(a) ডেথ ভ্যালি (b) লেক আসাই (c) লেক আয়ার (d) ডেডসি
75. কোন ফুটবলার প্রথম অর্জুন পুরস্কার পান?
(a) চুনি গোস্বামী (b) পি কে ব্যানার্জি (c) অরুণ ঘোষ (d) বিজায়ন
76. কার রাজত্বকালে বুদ্ধদেব দেহত্যাগ করেছিলেন?
(a) বিম্বিসার (b) বিন্দুসার (c) অজাতশত্রু (d) কালাশোক
77. কোন মৌলের নামের গ্রিক অর্থ 'The water Former'?
(a) ক্লোরিন (b) অক্সিজেন (c) নাইট্রোজেন (d) হাইড্রোজেন
78. গান্ধীজির নেতৃত্বে অসহযোগ আন্দোলনের সূচনা হয় কত সালে?
(a) 1905 (b) 1910 (c) 1915 (d) 1920
79. 'তানসেন পুরস্কার' কোন রাজ্য থেকে প্রদান করা হয়?
(a) মধ্যপ্রদেশ (b) গুজরাট (c) কর্নাটক (d) মহারাষ্ট্র
80. 'ক্যারিস' রোগটির সঙ্গে মানবদেহের কোন অঙ্গ যুক্ত?
(a) যকৃৎ (b) ফুসফুস (c) মস্তিষ্ক (d) দাঁত
81. ভারতের সব থেকে ছোট রাজ্য গোয়ার সরকারি ভাষা কোনটি?
(a) ইংরেজি (b) মারাঠি (c) কোঙ্কনী (d) মালয়ালম
82. গেরিলা যুদ্ধকে কে জনপ্রিয় করেছিলেন?
(a) বালাজি বাজি রাও (b) শিবাজি (c) ঔরঙ্গজেব (d) বাবর
83. কোন বিদেশিদের সঙ্গে রাজা কৃষ্ণদেব রায় সুসম্পর্ক বজায় রেখেছিলেন?
(a) ব্রিটিশ (b) ফরাসি (c) ইওরোপিয়ান (d) পর্তুগিজ
84. লাল পিঁপড়ের দেহে কোন অ্যাসিডটি উপস্থিত থাকে?
(a) অ্যাসিটিক অ্যাসিড (b) কিউপ্রিক অ্যাসিড (c) বিউটাইরিক অ্যাসিড (d) ফরমিক অ্যাসিড
85. নীচের কোন রোগটি খাদ্য দ্বারা সংক্রামিত হয়?
(a) ম্যালেরিয়া (b) টিটেনাস (c) টাইফয়েড (d) মাম্পস
86. হরপ্পায় প্রাপ্ত বেশিরভাগ সিলমোহরগুলি কী দ্বারা নির্মিত হয়েছিল?
(a) তামা (b) ব্রোঞ্জ (c) লৌহ (d) টেরাকোটা
87. পল্লবরা কোথায় রাজত্ব করতেন?
(a) তাহেরপুর (b) কাঞ্চিপুরম (c) মাদুরাই (d) তিরুচেলি
88. 'চুক্কার' শব্দটি কোন খেলার সঙ্গে যুক্ত?
(a) পোলো (b) সাঁতার (c) শ্যুটিং (d) টেনিস
89. ভারতে কোন উপজাতির জনসংখ্যা সর্বাধিক?
(a) ভিল (b) কোল (c) সাঁওতাল (d) মুন্ডা
90. সংবিধানের কোন অংশে 'সামাজিক ন্যায়'-এর কথা বলা হয়েছে?
(a) অনুচ্ছেদ 2 (b) অনুচ্ছেদ 4 (c) অনুচ্ছেদ 5 (d) প্রস্তাবনায়
91. 'এক-দুই-তিন' নামক নাটকটি কে লিখেছিলেন?
(a) উৎপল দত্ত (b) মনোজ মিত্র (c) নারায়ণ সান্যাল (d) নারায়ণ মিত্র
92. প্রোডাক্ট পদ্ধতিতে জাতীয় আয় নির্ণয় আর কী নামে পরিচিত?
(a) যুক্তমূল্য পদ্ধতি (b) আয় পদ্ধতি (c) খরচ পদ্ধতি (d) নেট আউট পুট পদ্ধতি
93. ভারতের সব থেকে উৎকৃষ্ট চা উৎপাদিত হয়?
(a) জোরহাটে (b) নীলগিরিতে (c) মুন্নারে (d) দার্জিলিংয়ে
94. দক্ষিণ দিক্‌ থেকে আগত কোন নদীটি গঙ্গার সঙ্গে যুক্ত হয়েছে?
(a) চম্বল (b) বেতোয়া (c) শোন (d) কেন

**উত্তর**

1(b), 2(c), 3(a), 4(d), 5(d), 6(b), 7(d), 8(a), 9(c), 10(c), 11(b), 12(a), 13(a), 14(d), 15(b), 16(a), 17(b), 18(d), 19(c), 20(b), 21(b), 22(c), 23(b), 24(a), 25(d), 26(c), 27(b), 28(c), 29(c), 30(a), 31(b), 32(c), 33(a), 34(c), 35(a), 36(c), 37(b), 38(d), 39(c), 40(d), 41(a), 42(b), 43(d), 44(c), 45(c), 46(c), 47(b), 48(d), 49(c), 50(d), 51(b), 52(c), 53(a), 54(b), 55(a), 56(b), 57(c), 58(a), 59(a), 60(c), 61(c) 62(d), 63(c), 64(a), 65(b), 66(c), 67(a), 68(b), 69(a), 70(c), 71(b), 72(c), 73(d), 74(b), 75(b), 76(c), 77(d), 78(d), 79(a), 80(d), 81(c), 82(b), 83(d), 84(d), 85(c), 86(d), 87(b), 88(a), 89(c), 90(d), 91(c), 92(a), 93(d), 94(c).

এরপর আগামী সংখ্যায়
*প্রস্তুত করেছেন: সাগর রায়*

## রেলে নন-টেকনিক্যাল পপুলার ক্যাটেগরি

### সি বি টি-১ নিয়োগ পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*আটের পাতার পর*

(a) প্রজ্ঞান ওঝা (b) রাহুল দ্রাবিড় (c) সচিন তেন্ডুলকর (d) বীরেন্দ্র শেহবাগ
35. কৃত্রিম উপগ্রহে বস্তুর ওজন কত হয়?
(a) শূন্য (b) অর্ধেক (c) দ্বিগুণ (d) একই থাকে
36. কোন পাখি সরাসরি সূর্যের দিকে তাকাতে পারে?
(a) বাজপাখি (b) ঈগল (c) পায়রা (d) কাক
37. বৃন্দাবন গার্ডেন কোথায় অবস্থিত?
(a) মধ্যপ্রদেশ (b) কর্নাটক (c) উত্তর প্রদেশ (d) ওড়িশা
38. 'ক্যালামাইন' কোন ধাতুর আকরিক?
(a) লোহা (b) টিন (c) দস্তা (d) অ্যালুমিনিয়াম
39. মানুষের পাকস্থলীতে কোন অ্যাসিড উৎপন্ন হয়?
(a) $NH_3$ (b) $H_2SO_4$ (c) HCl (d) $NH_4NO_3$
40. 'বেল' কীসের একক?
(a) বৈদ্যুতিক রোধ (b) দীপ্তিপ্রবাহ (c) ক্ষমতা (d) শব্দের তীব্রতা
41. P-এর 30% = Q-এর 40% হলে Q -এর মান হবে:
(a) P-এর 75% (b) P-এর 80% (c) P-এর 65% (d) P-এর 55%
42. 165-এর 45% হল x-এর 55%। তাহলে x = ?
(a) 135 (b) 136 (c) 137 (d) 138
43. $3 \times 16^{3/4} = ?$
(a) 20 (b) 22 (c) 24 (d) 25
44. যদি $\frac{5x-3}{2x} = \frac{8}{9}$ হলে x-এর মান নির্ণয় করুন:
(a) 3 (b) $\frac{27}{29}$ (c) 4 (d) 8
45. $\frac{9.5 \times 0.085}{0.0017 \times 0.19} = ?$
(a) 2500 (b) 250 (c) 25 (d) 15
46. জলকে বরফে পরিণত করলে 10% আয়তনে বাড়ে। বরফ গলে জলে পরিণত হলে আয়তন কমে:
(a) $9\frac{1}{11}$ % (b) $9\frac{2}{11}$ % (c) $9\frac{3}{11}$ % (d) $9\frac{4}{11}$ %
47. দু'ই অঙ্কের বৃহত্তম যে সংখ্যাটির বর্গমূল একটি অখণ্ড সংখ্যা সেটি কোনটি?
(a) 81 (b) 89 (c) 99 (d) 10
48. দু'টি সংখ্যার অনুপাত 2 : 3 এবং তাদের ল.সা.গু 54 হলে সংখ্যাদু'টির যোগফল হবে:
(a) 42 (b) 43 (c) 44 (d) 45
49. যদি x – 4 = 5 হয় তবে x-এর মান নির্ণয় করুন:
(a) 6 (b) 7 (c) 8 (d) 9
50. $\sqrt{(133-89)+(25\times4)} = ?$
(a) 10 (b) 11 (c) 12 (d) 13
51. 512-এর সঙ্গে ন্যূনতম কোন সংখ্যা যোগ করলে তা একটি পূর্ণবর্গসংখ্যা হবে?
(a) 17 (b) 18 (c) 19 (d) 20
52. $(3^2+4^2)^{1/2} = ?$
(a) 2 (b) 3 (c) 4 (d) 5
53. বার্ষিক 5% হার সরল সুদে 12000 টাকার 2 বছরের সুদ কত টাকা?
(a) 1100 টাকা (b) 1200 টাকা (c) 1300 টাকা (d) 1400 টাকা
54. 40 জন লোক একটি কাজ 36 দিনে করতে পারে। 30 দিনে কাজটি করতে পারবে কতজন লোক?
(a) 45 (b) 46 (c) 47 (d) 48
55. 4 মাস ও 1 বছর 6 মাসের অনুপাত কত?
(a) 1 : 9 (b) 2 : 9 (c) 4 : 9 (d) 5 : 9
56. বার্ষিক 5% হারে সরল সুদে 4000 টাকার 4 বছরের সুদ কত টাকা?
(a) 800 (b) 700 (c) 600 (d) 500
57. 12 জন শ্রমিক একটি কাজ 80 দিনে করতে পারে। 16 জন শ্রমিক কাজটি কতদিনে করতে পারবে?
(a) 30 (b) 40 (c) 50 (d) 60
58. যদি 7 : x = 17.5 : 22.5 হয় তবে x-এর মান কত?
(a) 7 (b) 8 (c) 9 (d) 10
59. রম্বসের কর্ণদ্বয় যথাক্রমে 10 মিটার ও 20 মিটার। তাহলে রম্বসের আয়তন নির্ণয় করুন:
(a) 50 বর্গমিটার (b) 65 বর্গমিটার (c) 70 বর্গমিটার (d) 100 বর্গমিটার
60. $\sqrt{\frac{2+\sqrt{3}}{2-\sqrt{3}}} = ?$
(a) 1.732 (b) 2.732 (c) 3.732 (d) 4.732
61. দু'টি সংখ্যার যোগফল 45 এবং অন্তর 5; ওদের গ.সা.গু নির্ণয় করুন:
(a) 5 (b) 4 (c) 3 (d) 2
62. দু'টি সংখ্যার অনুপাত 3 : 4 এবং ওদের ল.সা.গু 180, ছোট সংখ্যাটি কত?
(a) 30 (b) 35 (c) 40 (d) 45
63. দু'টি সংখ্যার অনুপাত 3 : 4; তাদের ল.সা.গু 120। সংখ্যাদু'টির যোগফল নির্ণয় করুন:
(a) 70 (b) 72 (c) 74 (d) 75
64. যদি 18 : x = x : 8 হয়, x = ?
(a) 14 (b) 13 (c) 11 (d) কোনওটিই নয়
65. $\frac{(0.09)^2-(0.03)^2}{0.09+0.03}$
(a) 6 (b) .6 (c) .06 (d) .006
66. দু'টি সংখ্যার গ.সা.গু ও ল.সা.গু যথাক্রমে 6 ও 36। দু'টি সংখ্যার মধ্যে একটি সংখ্যা 12 হলে অন্য সংখ্যাটি নির্ণয় করুন:
(a) 18 (b) 16 (c) 14 (d) 12
67. যদি $x^2 + 9y^2 = 6xy$, তাহলে x : y = ?
(a) 1 : 3 (b) 3 : 1 (c) 1 : 2 (d) 2 : 1
68. $\sqrt{432 \div 24 + 123 - 20} = ?$
(a) 9 (b) 10 (c) 11 (d) 12
69. $0.65 \times 0.65 + 0.35 \times 0.35 + 0.70 \times 0.65 = ?$
(a) 1.00 (b) 2 (c) 2.5 (d) 3
70. $(256)^{0.16} \times (256)^{0.09} = ?$
(a) 4 (b) 8 (c) 16 (d) 64

**নির্দেশ (71 to 74):** নীচের বিকল্পগুলির কোনটি আলাদা বলুন।

71. (a) Car (b) Cycle (c) Truck (d) Rood
72. (a) FKQX (b) CHNU (c) DIOV (d) JOUC
73. (a) 14 – 56 (b) 12–48 (c) 8–32 (d) 6–30
74. 157, 571, 577, 387
(a) 571 (b) 157 (c) 577 (d) 387
75. শূন্যস্থান পূরণ করুন:




(a) 15 (b) 20 (c) 30 (d) 35
76. যদি '×' মানে '–', '÷' মানে '+', '+' মানে '×', তাহলে $18 \times 5 \div 5 + 6 = ?$
(a) 41 (b) 42 (c) 43 (d) 44
77. প্রশ্নবোধক নীচের জায়গায় উপযুক্ত পদটি কী হবে?
6, 12, 20, 30, ?, 56, 72
(a) 40 (b) 42 (c) 44 (d) 48

**নির্দেশ (78 and 79):** *নীচের শব্দগুলোকে ইংরেজি অভিধান অনুযায়ী সাজালে কী হবে?*

78. 1. Pinned 2. Provoice 3. Pasture 4. Pale 5. Pound
(a) 41352 (b) 43152 (c) 43512 (d) 43215
79. 1. Pebble 2. Pager 3. Product 4. Pest 5. Pray
(a) 21453 (b) 24153 (c) 25143 (d) 25413

**নির্দেশ (80 to 82):** '?' স্থানে সঠিক সংখ্যাটি বসান:

80. $\frac{3}{16}, \frac{4}{25}, \frac{5}{?}$
(a) 25 (b) 36 (c) 42 (d) 64
81. 27, 64, 125, ?
(a) 343 (b) 249 (c) 248 (d) 216
82. 50, 75, 150, ?
(a) 375 (b) 275 (c) 475 (d) 525

**নির্দেশ (83 to 85):** *নীচের সিরিজগুলির শেষ সংখ্যাগুলি/অক্ষর কী কী হবে?*

83. 5, 16, 51, 158, ?
(a) 479 (b) 480 (c) 481 (d) 482
84. BCFG, JKNO, RSVW, ?
(a) ZADE (b) HIKL (c) STUX (d) MNPQ
85. C–3, E–5, G–7, I–9, ??
(a) K–11, M–13 (b) O–15, X–24 (c) M–18, K–14 (d) X–24, M–21
86. নীচের প্রশ্নটির সেরা বিকল্প কোনটি?
একটি ঘড়িতে সব সময় থাকে:
(a) ব্যাটারি (b) নাম্বার (c) এলার্ম (d) কাঁটা
87. 16 : 56 : : 32 : ?
(a) 96 (b) 112 (c) 126 (d) 128
88. যদি DEAF-কে 3587 লেখা হয় আর FILE-কে 7465 লেখা হয় তাহলে IDEAL-কে কীভাবে লেখা হবে?
(a) 43568 (b) 43586 (c) 63548 (d) 48536
89. 2, 29, 38, 47, ? প্রশ্নবোধক চিহ্নের জায়গায় কী বসবে?
(a) 56 (b) 57 (c) 58 (d) 59
90. নীচের সারিতে পরবর্তী সংখ্যাটি কী হবে?
37, 45, 53, 61, ?
(a) 65 (b) 69 (c) 72 (d) 82

**নির্দেশ (91 to 95):** *ভুল শব্দটি/অক্ষরটি চিহ্নিত করুন:*

91. (a) বাবা (b) মেসো (c) বন্ধু (d) বোন
92. (a) সিকিম (b) অসম (c) তামিলনাড়ু (d) অরুণাচল প্রদেশ
93. (a) ভারত (b) অস্ট্রেলিয়া (c) জিম্বাবোয়ে (d) কেনিয়া

*এরপর দশের পাতায়*

# চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

## রেলে নন-টেকনিক্যাল পপুলার ক্যাটেগরি

### সি বি টি-১ নিয়োগ পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*নয়ের পাতার পর*

94. (a) অটলবিহারী বাজপেয়ী (b) রাজীব গান্ধী (c) চরণ সিং (d) শঙ্করদয়াল শর্মা

95. (a) 15 (b) 48 (c) 65 (d) 80

96. অপরাধ : কোর্ট : : রোগ : ?
(a) ডাক্তার (b) ঔষধ (c) হাসপাতাল (d) চিকিৎসা

97. DEA : 10 : : ACE : ?
(a) 8 (b) 9 (c) 10 (d) 12

98. 81, 100, 121, 144, 168, 196 -এই পর্যায়ে ভুল সংখ্যা কোনটি?
(a) 121 (b) 196 (c) 168 (d) 100

**নির্দেশ (99 and 100):** প্রশ্নবোধক চিহ্ন যে সংখ্যাটি বসবে সেটি বের করুন:

99.




(a) 232 (b) 116 (c) 58 (d) 37

100.




(a) 14 (b) 15 (c) 13 (d) 16

**উত্তর**

1(a), 2(d), 3(c), 4(b), 5(b), 6(d), 7(a), 8(c), 9(c), 10(a), 11(b), 12(c), 13(a), 14(d), 15(b), 16(d), 17(c), 18(a), 19(c), 20(c), 21(d), 22(b), 23(b), 24(a), 25(c), 26(d), 27(d), 28(b), 29(b), 30(d), 31(c), 32(a), 33(c), 34(a), 35(a), 36(b), 37(b), 38(c), 39(c), 40(d), 41(a), 42(a), 43(c), 44(b), 45(a), 46(a), 47(a), 48(d), 49(d), 50(c), 51(a), 52(d), 53(b), 54(d), 55(b), 56(a), 57(d), 58(c), 59(d), 60(c), 61(a) 62(d), 63(a), 64(d), 65(c), 66(a), 67(b), 68(c), 69(a), 70(a), 71(d), 72(d), 73(d), 74(d), 75(d), 76(c), 77(b), 78(b), 79(a), 80(b), 81(d), 82(a), 83(c), 84(a), 85(a), 86(d), 87(b), 88(b), 89(a), 90(b), 91(c), 92(c), 93(d), 94(d), 95(c), 96(c), 97(b), 98(c), 99(a), 100(c).

**সমাধান**

41(a): 30% of P = 40% of Q

বা, $\frac{Q}{P} = \frac{30}{40}$ বা, $Q = \frac{3P}{4} = 75\%$ of P.

42(a): 165-এর 45% = x এর 55%

বা, $\frac{x}{165} = \frac{45}{55}$ বা, $x = \frac{165 \times 45}{55} = 135$.

43(c): $3 \times 16^{3/4} = 3 \times (24)^{3/4} = 3 \times 2^3 = 24$.

44(b): $\frac{5x-3}{2x} = \frac{8}{9} \Rightarrow 9(5x-3) = 16x$

$\Rightarrow 45x - 27 = 16x \Rightarrow 29x = 27 \Rightarrow x = \frac{27}{29}$.

45(a): $\frac{9.5 \times 0.085}{0.0017 \times 0.19} = \frac{95 \times 85 \times 100}{17 \times 19} = 2500$.

46(a): 110 ঘনসেমি বরফের আয়তন কমে 10 ঘনসেমি

100 ঘনসেমি বরফের আয়তন কমে $= \frac{10 \times 100}{110} = \frac{100}{11} = 9\frac{1}{11}$ ঘনসেমি।

47(a): $\sqrt{81} = 9$.

48(d): ধরা যাক, সংখ্যাদু'টি 2x ও 3x

ওদের ল.সা.গু = 6x ∴ 6x = 54 বা, x = 9. যোগফল = (2 + 3) × 9 = 45.

49(d): $x - 5 = 4 \Rightarrow x = 5 + 4 = 9$.

50(c): $\sqrt{44 + 100} = \sqrt{144} = 12$.

51(a):

$$\begin{array}{r|l} & \overline{5}\,\overline{12} \;|\; 23 \\ & 4 \\ 43 & 112 \\ & 129 \\ \hline & -17 \end{array}$$

52(d): $(9+16)^{1/2} = (25)^{1/2} = (5^2)^{1/2} = 5$.

53(b): নির্ণেয় সুদ $= \frac{5 \times 12000 \times 2}{100} = 1200$ টাকা।

54(d): 36 দিনে কাজটি করে = 40 জন

তাহলে 30 দিনে কাজটি করে $= \frac{36 \times 40}{30} = 48$ জন।

55(b): 4 মাস : 18 মাস = 2 : 9.

56(a): নির্ণেয় সুদ $= \frac{5 \times 4000 \times 4}{100} = 800$ টাকা।

57(d): 12 জন কাজটি করে = 80 দিনে

16 জনে কাজটি করে $= \frac{12 \times 80}{16} = 60$ দিনে।

58(c): $\frac{7}{x} = \frac{17.5}{22.5}$ বা, $x = \frac{22.5 \times 7}{17.5} = 9$.

59(d): রম্বসের আয়তন $= \frac{1}{2} \times d_1 \times d_2 = \frac{1}{2} \times 10 \times 20 = 100$ বর্গমিটার।

60(c): $\sqrt{\frac{2+\sqrt{3}}{2-\sqrt{3}} \times \frac{2+\sqrt{3}}{2+\sqrt{3}}} = \sqrt{\frac{(2+\sqrt{3})^2}{4-3}} = \frac{2+\sqrt{3}}{1}$

$= 2 + \sqrt{3} = 2 + 1.732 = 3.732$.

61(a): বড় সংখ্যাটি $= \frac{45+5}{2} = 25$

ছোট সংখ্যাটি = 45 − 25 = 20, 25, 20-এর গ.সা.গু = 5.

62(d): ধরা যাক, সংখ্যা দু'টি যথাক্রমে 3x ও 4x

ওদের ল.সা.গু = 12x, 12x = 180 বা, x = 15 ∴ ছোট সংখ্যা = 3 × 15 = 45.

63(a): সংখ্যাদু'টি যথাক্রমে 3x ও 4x

তাদের ল.সা.গু = 12x

$12x = 120 \Rightarrow x = \frac{120}{12} = 10$

∴ দু'টি সংখ্যার যোগফল = 3x + 4x = 7x = 7 × 10 = 70.

এরপর আগামী সংখ্যায়

প্রস্তুত করেছেন: *সাগর রায়*

## ডব্লু বি সি এস প্রিলিমিনারি

### পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*গত সংখ্যার পর*

182. পঞ্চায়েতি রাজ ব্যবস্থাকে কোন সংবিধান সংশোধনীর মাধ্যমে সাংবিধানিক মর্যাদা দেওয়া হয়?
(a) 42তম সংশোধনী (b) 44তম সংশোধনী (c) 73তম সংশোধনী (d) 74তম সংশোধনী

183. ভারতে জি এস টি (GST) কবে চালু হয়েছে?
(a) 1 জুলাই, 2016 (b) 1 জুলাই, 2017 (c) 1 এপ্রিল, 2017 (d) 1 জুলাই, 2018

184. অর্থ কমিশন সংবিধানের কত নম্বর ধারা অনুযায়ী গঠিত হয়?
(a) ধারা 280 (b) ধারা 260 (c) ধারা 300 (d) ধারা 350

185. ভারতের রাষ্ট্রপতিকে পদচ্যুত করার পদ্ধতি 'ইমপিচমেন্ট' সংবিধানের কত নম্বর ধারায় বর্ণিত আছে?
(a) ধারা 56 (b) ধারা 60 (c) ধারা 61 (d) ধারা 64

186. লোকসভার সদস্যদের কার্যকালের মেয়াদ কত?
(a) 4 বছর (b) 5 বছর (c) 6 বছর (d) স্থায়ী পদ

187. ভারতের প্রথম মুখ্য নির্বাচন কমিশনার কে ছিলেন?
(a) টি এন শেষন (b) সুকুমার সেন (c) সুনীল অরোরা (d) সুশীল চন্দ্র

188. 'জাতীয় আয়' পরিমাপের জন্য ভারতে কোন সংস্থা দায়িত্বপ্রাপ্ত?
(a) RBI (b) NITI Aayog (c) Central Statistical Office (CSO) (d) Finance Ministry

189. ভারতীয় সংবিধানের কোন ধারায় 'মৌলিক কর্তব্য' অন্তর্ভুক্ত করা হয়েছে?
(a) ধারা 51 (b) ধারা 51-এ (c) ধারা 32 (d) ধারা 19

190. ভারতের অর্থ বিল কে পেশ করেন?
(a) রাষ্ট্রপতি (b) অর্থমন্ত্রী (c) লোকসভার স্পিকার (d) প্রধানমন্ত্রী

191. রিজার্ভ ব্যাঙ্ক অফ ইন্ডিয়া কত সালে জাতীয়করণ করা হয়েছিল?
(a) 1935 (b) 1949 (c) 1950 (d) 1951

192. ভারতের সংবিধানে 'জরুরি অবস্থা' কোন দেশের সংবিধান থেকে নেওয়া হয়েছে?
(a) আমেরিকা (b) ব্রিটেন (c) জার্মানি (d) কানাডা

193. পঞ্চায়েতি রাজ ব্যবস্থার সর্বনিম্ন স্তর কোনটি?
(a) জেলা পরিষদ (b) পঞ্চায়েত সমিতি (c) গ্রাম পঞ্চায়েত (d) গ্রাম সভা

194. ভারতীয় সংবিধানে ক'টি তালিকা আছে?
(a) 8টি (b) 10টি (c) 12টি (d) 14টি

195. ভারতের প্রথম সাধারণ নির্বাচন কবে হয়েছিল?
(a) 1948-49 (b) 1950-51 (c) 1951-52 (d) 1953-54

196. রাজ্যের রাজ্যপালকে শপথবাক্য কে পাঠ করান?
(a) রাষ্ট্রপতি (b) সুপ্রিম কোর্টের প্রধান বিচারপতি (c) হাইকোর্টের প্রধান বিচারপতি (d) মুখ্যমন্ত্রী

197. 'ওয়র্ল্ড ট্রেড অর্গানাইজেশন' (WTO) কবে গঠিত হয়েছিল?
(a) 1990 সালে (b) 1992 সালে (c) 1995 সালে (d) 2000 সালে

198. ভারতের সংবিধানের কোন ধারায় 'সমতা' বা 'সাম্যের অধিকার' নিশ্চিত করা হয়েছে?
(a)14-18 ধারা (b) 19-22 ধারা (c) 23-24 ধারা (d) 25-28 ধারা

199. 'গ্রিন রেভোলিউশন' (সবুজ বিপ্লব) ভারতে মূলত কোন ফসলের ওপর সবচেয়ে বেশি প্রভাব ফেলেছিল?
(a) ধান (b) গম (c) ডাল (d) তেলবীজ

200. সংসদ না থাকলে রাষ্ট্রপতি কোন ধারা অনুযায়ী অধ্যাদেশ জারি করতে পারেন?
(a) ধারা 110 (b) ধারা-123 (c) ধারা 213 (d) ধারা 143

**উত্তর**

182(c), 183(b), 184(a), 185(c), 186(b), 187(b), 188(c), 189(b), 190(b), 191(b), 192(c), 193(c), 194(c), 195(c), 196(c), 197(c), 198(a), 199(b), 200(b).

**সমাধান**

126(d): ব্যাখ্যা: ভদ্রলোক বললেন, 'উনি আমার শ্বশুরের একমাত্র কন্যার কন্যা'।

আমার শ্বশুরের একমাত্র কন্যা = আমার স্ত্রী

আমার স্ত্রীর কন্যা = আমার মেয়ে

তাই, মহিলাটি ভদ্রলোকের মেয়ে।

127(a): $10^{\circ}$.

128(c): প্রথম অক্ষর $A \xrightarrow{+2} C \xrightarrow{+3} F \xrightarrow{+4} J$

দ্বিতীয় অক্ষর $Z \xrightarrow{-2} X \xrightarrow{-3} U \xrightarrow{-4} Q$.

129(a): বর্ণমালার অবস্থান যোগ করা হয়েছে—

C A T

↓3 + ↓1 + ↓20 = 3 + 1 + 20 = 24

একইভাবে, D O G

↓4 + ↓15 + ↓7 = 4 + 15 + 7 = 26.

130(a):




∴ শুরুর স্থান থেকে 3 কিলোমিটার দক্ষিণে অবস্থান করছে।

131(d): জানুয়ারি, মে এবং জুলাই মাসগুলি 31 দিনের হয়, কিন্তু নভেম্বর মাস 30 দিনের হয়।

132(b): $2^2$ $3^2$ $4^2$ $5^2$ $6^2$ $7^2$

↓ ↓ ↓ ↓ ↓ ↓

4 9 16 25 36 49

133(a): 2017 সালটি অধিবর্ষ (Leap Year) নয়, তাই সাধারণ বছরে একদিন এগিয়ে যায়

1 জানুয়ারি, 2017 রবিবার হলে 1 জানুয়ারি, 2018 হবে সোমবার।

134(a): $A \xrightarrow{+2} C \xrightarrow{+3} F \xrightarrow{+4} J \xrightarrow{+5} O \xrightarrow{+6} U$.

135(a): W A T E R

↓+2 ↓+2 ↓+2 ↓+2 ↓+2

Y C V G T

একইভাবে, H O U S E

↓+2 ↓+2 ↓+2 ↓+2 ↓+2

J Q W U G

136(d): $2 \xrightarrow{+4} 6 \xrightarrow{+6} 12 \xrightarrow{+8} 20 \xrightarrow{+10} 30 \xrightarrow{+12} 42 \xrightarrow{+14} 56$

137(d): বই, কাগজ এবং পেনসিল লেখার বা পড়ার উপকরণের সঙ্গে সরাসরি যুক্ত, কিন্তু পিন কাগজ আটকে রাখার জন্য ব্যবহৃত হয়।

138(c): $B \xrightarrow{+2} D \xrightarrow{+3} G \xrightarrow{+4} K \xrightarrow{+5} P \xrightarrow{+6} V$.

139(a): তাঁর একমাত্র ভাই আমার ছেলের বাবা

আমার ছেলের বাবা = আমার স্বামী

তাঁর একমাত্র ভাই = আমার স্বামী

তাই ভদ্রলোক হলেন মহিলার স্বামীর ভাই, অর্থাৎ দেওর।

140(c): B O O K

↓+1 ↓−1 ↓+1 ↓−1

C N P J

একইভাবে, M O O N

↓+1 ↓−1 ↓+1 ↓−1

N N P M

141(a): এটি অঙ্কের অদলবদল

543 → 435 (মাঝের সংখ্যা প্রথমে, তারপর প্রথম, তারপর শেষ)

654→546, 765 →657.

142(a): $32 \xrightarrow{\div 2} 16 \xrightarrow{\times 3} 48 \xrightarrow{\div 2} 24 \xrightarrow{\times 3} 72 \xrightarrow{\div 2} 36$

143(d): কলকাতা, মুম্বাই এবং চেন্নাই হল ভারতের মেট্রোপলিটন শহর কিন্তু পুনে নয়।

144(a): E A R T H

↓+1 ↓+2 ↓+3 ↓+4 ↓+5

F C U X M

একইভাবে, M A R S

↓+1 ↓+2 ↓+3 ↓+4

N C U W

145(b): $Z \xrightarrow{-2} X \xrightarrow{-2} V \xrightarrow{-2} T \xrightarrow{-2} R \xrightarrow{-2} P$.

146(a): ইঁদুর হল স্তন্যপায়ী প্রাণী, বাকি তিনটি প্রাণী (ব্যাঙ, সাপ, কুমির) স্তন্যপায়ী নয়।

147(a): C A T

↓3 ↓1 ↓20 = 3120

একইভাবে, N A V Y

↓14 ↓1 ↓22 ↓25 = 1412225.

148(b): আয়নায় দেখার সূত্র: 11 : 60 থেকে প্রদত্ত সময় বিয়োগ করতে হয়

11: 60 − 5 : 10 = 6 : 50.

149(c): $B \xrightarrow{+2} D \xrightarrow{+3} G \xrightarrow{+4} K \xrightarrow{+5} P \xrightarrow{+6} V$.

150(a): A এবং B দুজনেই C-এর সন্তান

C, A-এর বাবা, তাই C, A এবং B উভয়ের বাবা

যেহেতু B, C-এর ছেলে নয়, তাই B, C-এর মেয়ে

সুতরাং, C ও B -এর সম্পর্ক বাবা ও মেয়ে।

প্রস্তুত করেছেন: কমল বৈদ্য

# কর্মক্ষেত্র তথ্যভাণ্ডার

যে-কোনও চাকরির পরীক্ষার প্রস্তুতিতে অপরিহার্য বিবিধ তথ্য।

## পশ্চিমবঙ্গের বিভিন্ন নদী তীরবর্তী শহর

| শহর | নদী |
|---|---|
| কলকাতা | হুগলি (গঙ্গা) |
| হাওড়া | হুগলি (গঙ্গা) |
| শিলিগুড়ি | মহানন্দা ও বালাসন |
| দুর্গাপুর | দামোদর |
| আসানসোল | দামোদর |
| মেদিনীপুর | কংসাবতী |
| জলপাইগুড়ি | তিস্তা ও করলা |
| তমলুক | রূপনারায়ণ |
| কোচবিহার | তোর্সা |
| মালদা (মালদহ) | মহানন্দা |
| নবদ্বীপ | ভাগীরথী |
| মুর্শিদাবাদ | ভাগীরথী |
| বালুরঘাট | আত্রেয়ী |
| বোলপুর | কোপাই ও অজয় |
| বাঁকুড়া | দ্বারকেশ্বর |
| হলদিয়া | হুগলি ও হলদি |
| বর্ধমান | দামোদর ও বাঁকা |
| চুঁচুড়া | হুগলি |
| বারাকপুর | হুগলি |

| শহর | নদী |
|---|---|
| আলিপুরদুয়ার | কালজানি |
| সিউড়ি | ময়ূরাক্ষী |
| পুরুলিয়া | কংসাবতী (কাঁসাই) |
| রানাঘাট | চূর্ণী |
| বনগাঁ | ইছামতী |
| বসিরহাট | ইছামতী |
| কাটোয়া | ভাগীরথী ও অজয় |
| ইসলামপুর | মহানন্দা |
| গঙ্গারামপুর | পুনর্ভবা |
| আরামবাগ | দ্বারকেশ্বর |
| ঘাটাল | শিলাবতী ও রূপনারায়ণ |
| ধূপগুড়ি | জলঢাকা |
| কালিম্পং | তিস্তা ও রঙ্গিত |
| জিয়াগঞ্জ | ভাগীরথী |
| ঝাড়গ্রাম | কংসাবতী ও ডুলুং |
| বজবজ | হুগলি |
| ফলতা | হুগলি |
| ডায়মন্ড হারবার | হুগলি |

| শহর | নদী |
|---|---|
| কাঁথি | রসুলপুর ও হলদি |
| বাঁশবেড়িয়া | হুগলি |
| কালনা | ভাগীরথী |
| সাঁতরাগাছি | সরস্বতী, হুগলি |
| উলুবেড়িয়া | হুগলি |
| শ্রীরামপুর | হুগলি |
| রিষড়া | হুগলি |
| পান্ডুয়া | সরস্বতী |
| কান্দি | ময়ূরাক্ষী |
| ধুলিয়ান | গঙ্গা |
| ফারাক্কা | গঙ্গা |
| গাজোল | মহানন্দা |
| মেখলিগঞ্জ | তিস্তা |
| হলদিবাড়ি | তিস্তা |
| তুফানগঞ্জ | রায়ডাক ও গদাধর |
| ফালাকাটা | মুজনাই |
| লাটাগুড়ি | জলঢাকা |

| শহর | নদী |
|---|---|
| আদ্রা | কাঁসাই (কংসাবতী) |
| রঘুনাথপুর | দামোদর |
| সাঁইথিয়া | ময়ূরাক্ষী |
| দুবরাজপুর | বক্রেশ্বর |
| আরামবাগ | দ্বারকেশ্বর |
| তারকেশ্বর | দামোদর |
| খড়গপুর | কংসাবতী |
| কোলাঘাট | রূপনারায়ণ |
| পাঁশকুড়া | কংসাবতী |
| এগরা | কেলেঘাই |
| চন্দ্রকোনা | শিলাবতী |
| গড়বেতা | শিলাবতী |
| ঝালদা | সুবর্ণরেখা |
| মানবাজার | কুমারী |
| বড়জোড়া | দামোদর |
| সোনামুখী | শালি |
| কৃষ্ণনগর | জলঙ্গী |
| করিমপুর | জলঙ্গী |
| শান্তিপুর | হুগলি |

## ভারতের বিভিন্ন নদী তীরবর্তী শহর

| শহর | নদী | রাজ্য/কেন্দ্র শাসিত অঞ্চল |
|---|---|---|
| বারাণসী | গঙ্গা | উত্তরপ্রদেশ |
| কানপুর | গঙ্গা | উত্তরপ্রদেশ |
| হরিদ্বার | গঙ্গা | উত্তরাখণ্ড |
| পাটনা | গঙ্গা | বিহার |
| প্রয়াগরাজ (এলাহাবাদ) | গঙ্গা ও যমুনা (সংগম) | উত্তরপ্রদেশ |
| আগ্রা | যমুনা | উত্তরপ্রদেশ |
| মথুরা | যমুনা | উত্তরপ্রদেশ |
| নতুন দিল্লি | যমুনা | দিল্লি |
| লখনউ | গোমতী | উত্তরপ্রদেশ |
| অযোধ্যা | সরযূ | উত্তরপ্রদেশ |
| আহমেদাবাদ | সবরমতী | গুজরাট |
| সুরাট | তাপ্তী | গুজরাট |
| ভদোদরা | বিশ্বামিত্রী | গুজরাট |
| নাসিক | গোদাবরী | মহারাষ্ট্র |
| হায়দ্রাবাদ | মুসি | তেলেঙ্গানা |
| বিজয়ওয়াড়া | কৃষ্ণা | অন্ধ্রপ্রদেশ |
| তিরুচিরাপল্লী | কাবেরী | তামিলনাড়ু |
| মাদুরাই | ভাইগাই | তামিলনাড়ু |
| কটক | মহানদী | ওড়িশা |
| সম্বলপুর | মহানদী | ওড়িশা |
| জব্বলপুর | নর্মদা | মধ্যপ্রদেশ |
| গোয়ালিয়র | চম্বল | মধ্যপ্রদেশ |
| শ্রীনগর | ঝিলম | জম্মু ও কাশ্মীর |
| গুয়াহাটি | ব্রহ্মপুত্র | আসাম |
| ডিব্রুগড় | ব্রহ্মপুত্র | আসাম |
| নেল্লোর | পেন্নার | অন্ধ্রপ্রদেশ |
| পুনে | মুলা ও মুথা | মহারাষ্ট্র |
| লুধিয়ানা | শতদ্রু (সুতলেজ) | পাঞ্জাব |
| ফিরোজপুর | শতদ্রু (সুতলেজ) | পাঞ্জাব |
| উজ্জয়িনী | শিপ্রা | মধ্যপ্রদেশ |
| বেরেলি | রামগঙ্গা | উত্তরপ্রদেশ |
| হাঁসি | যমুনা | হরিয়ানা |

| শহর | নদী | রাজ্য/কেন্দ্র শাসিত অঞ্চল |
|---|---|---|
| যমুনানগর | যমুনা | হরিয়ানা |
| রৌরকেল্লা | ব্রাহ্মণী | ওড়িশা |
| বালিয়া | গঙ্গা | উত্তরপ্রদেশ |
| ভাগলপুর | গঙ্গা | বিহার |
| মুঙ্গের | গঙ্গা | বিহার |
| হাজিপুর | গণ্ডক | বিহার |
| পূর্ণিয়া | কোশী | বিহার |
| গোরক্ষপুর | রাপ্তী | উত্তরপ্রদেশ |
| জৌনপুর | গোমতী | উত্তরপ্রদেশ |
| সুলতানপুর | গোমতী | উত্তরপ্রদেশ |
| ভুবনেশ্বর | কুয়াখাই | ওড়িশা |
| গয়া | ফল্গু | বিহার |
| সিমলা | শতদ্রু (সুতলেজ) | হিমাচল প্রদেশ |
| মান্ডি | বিপাশা | হিমাচল প্রদেশ |
| কুলু | বিপাশা | হিমাচল প্রদেশ |
| মানালি | বিপাশা | হিমাচল প্রদেশ |
| হসপেট | তুঙ্গভদ্রা | কর্নাটক |
| শিবমোগা | তুঙ্গা | কর্নাটক |
| ভদ্রাবতী | ভদ্রা | কর্নাটক |
| কোয়েম্বাটোর | নোয়াল | তামিলনাড়ু |
| ইরোড | কাবেরী | তামিলনাড়ু |
| সালেম | থিরুমানিমুথার | তামিলনাড়ু |
| মহীশূর | কাবেরী | কর্নাটক |
| রাজামুন্দ্রি | গোদাবরী | অন্ধ্রপ্রদেশ |
| হৃষিকেশ | গঙ্গা | উত্তরাখণ্ড |
| কনৌজ | গঙ্গা | উত্তরপ্রদেশ |
| মির্জাপুর | গঙ্গা | উত্তরপ্রদেশ |
| ফারুখাবাদ | গঙ্গা | উত্তরপ্রদেশ |
| ইম্ফল | ইম্ফল নদী | মণিপুর |
| ডিব্রুগড় | ব্রহ্মপুত্র | আসাম |
| তেজপুর | ব্রহ্মপুত্র | আসাম |
| ধুবড়ি | ব্রহ্মপুত্র | আসাম |

| শহর | নদী | রাজ্য/কেন্দ্র শাসিত অঞ্চল |
|---|---|---|
| গান্ধীনগর | সবরমতী | গুজরাট |
| ভারুচ | নর্মদা | গুজরাট |
| হোশঙ্গাবাদ | নর্মদা | মধ্যপ্রদেশ |
| কারাদ | কৃষ্ণা ও কয়না | মহারাষ্ট্র |
| সাঙ্গলি | কৃষ্ণা | মহারাষ্ট্র |
| বাগলকোট | ঘটপ্রভা | কর্নাটক |
| তেল্লিচেরি | মাহে | কেরল |
| কোট্টায়াম | মীনাচিল | কেরল |
| মুজফফরপুর | বুড়ি গণ্ডক | বিহার |
| দ্বারভাঙ্গা | বাগমতী | বিহার |
| চাম্বা | রবি | হিমাচল প্রদেশ |
| গোরক্ষপুর | রাপ্তী | উত্তরপ্রদেশ |
| কুর্নুল | তুঙ্গভদ্রা | অন্ধ্রপ্রদেশ |
| অমরাবতী | কৃষ্ণা | অন্ধ্রপ্রদেশ |
| নিজামাবাদ | গোদাবরী | তেলেঙ্গানা |
| করিমগঞ্জ | কুশিয়ারা | আসাম |
| শিলচর | বরাক | আসাম |
| মালেরকোটলা | শতদ্রু (সুতলেজ) | পাঞ্জাব |
| উমেদগঞ্জ | চম্বল | রাজস্থান |
| বুরহানপুর | তাপ্তী | মধ্যপ্রদেশ |
| সোনপুর | মহানদী | ওডিশা |
| ভদ্রক | সালান্দি | ওডিশা |
| মোরাদাবাদ | রামগঙ্গা | উত্তরপ্রদেশ |
| গাজিয়াবাদ | হিন্দন | উত্তরপ্রদেশ |
| নয়ডা | যমুনা ও হিন্দন | উত্তরপ্রদেশ |
| কালপি | যমুনা | উত্তরপ্রদেশ |
| কারওয়ার | কালী নদী | কর্নাটক |
| হোনাভার | সরাবতী | কর্নাটক |
| এর্নাকুলাম | পেরিয়ার | কেরল |
| আলুভা | পেরিয়ার | কেরল |
| পিপলানি | বেতওয়া | মধ্যপ্রদেশ |
| বিজয়ওয়াড়া | কৃষ্ণা | অন্ধ্রপ্রদেশ |

## বিশ্বের বিভিন্ন নদী তীরবর্তী শহর

| শহর | নদী | দেশ |
|---|---|---|
| কারাকাস | গুয়ায়ারে | ভেনিজুয়েলা |
| ভিয়েনা | দানিউব | অস্ট্রিয়া |
| ড্রেসডেন | এলবে | জার্মানি |
| খার্তুম | হোয়াইট নীল ও ব্লু নীল | সুদান |
| ইয়াঙ্গন | ইয়াঙ্গন | মায়ানমার |
| হামবুর্গ | এলবে | জার্মানি |
| বেলগ্রেড | সাভা ও দানিউব | সার্বিয়া |
| বাগদাদ | টাইগ্রিস | ইরাক |
| রোম | টাইবার | ইতালি |
| নিউ ইয়র্ক | হাডসন | মার্কিন যুক্তরাষ্ট্র |
| লাহোর | রাভি (ইরাবতী) | পাকিস্তান |
| করাচি | সিন্ধু নদ | পাকিস্তান |
| প্যারিস | সিন | ফ্রান্স |
| লন্ডন | টেমস | ইংল্যান্ড |
| মস্কো | মস্কোভা | রাশিয়া |
| ওয়াশিংটন ডিসি | পোটোম্যাক | মার্কিন যুক্তরাষ্ট্র |
| বসরা | শাত-আল-আরব | ইরাক |
| কোলোন | রাইন | জার্মানি |
| বুয়েনস আইরেস | রিও ডেল-লা প্লাটা | আর্জেন্টিনা |
| মন্ট্রিল | সেন্ট লরেন্স | কানাডা |
| কায়রো | নীল নদ | মিশর |
| বার্লিন | স্প্রী ও হাভেল | জার্মানি |
| বুদাপেস্ট | দানিউব | হাঙ্গেরি |
| সাংহাই | ইয়াংজি | চিন |
| সিডনি | পারামাট্টা | অস্ট্রেলিয়া |
| আমস্টারডাম | আমস্টেল | নেদারল্যান্ড |
| লিসবন | টাগাস | পর্তুগাল |
| ব্যাংকক | চাও ফ্রায়া | থাইল্যান্ড |
| হো-চি-মিন সিটি | সাইগন | ভিয়েতনাম |
| কাঠমান্ডু | বাগমতী | নেপাল |
| কাবুল | কাবুল নদী | আফগানিস্তান |

# ইএসআই হাসপাতালে সিনিয়র রেসিডেন্ট

বিভিন্ন শাখায় ৮৬ জন সিনিয়র রেসিডেন্ট (ক্লিনিক্যাল/নন-ক্লিনিক্যাল) নেবে এমপ্লয়িজ স্টেট ইনশিওরেন্স কর্পোরেশন। এটি কেন্দ্রের শ্রম ও রোজগার মন্ত্রকের অধীনস্থ একটি সংস্থা। প্রার্থীদের নিয়োগ করা হবে জোকা-র ইএসআই-পিজিআইএমএসআর, ইএসআইসি মেডিক্যাল কলেজ অ্যান্ড হসপিটালে। প্রাথমিক ভাবে ১ বছরের চুক্তিতে নিয়োগ করা হবে। তবে কর্তৃপক্ষ মনে করলে চুক্তির মেয়াদ সর্বাধিক ৩ বছর পর্যন্ত বৃদ্ধি করতে পারে। প্রার্থী বাছাই করা হবে ওয়াক-ইন-ইন্টারভিউয়ের মাধ্যমে। ইন্টারভিউ ২৫ ও ২৬ মার্চ। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 412 (Dean-Joka).A.12/16/Contr. Rec./2022/Rec. Cell/Vol.-I

ক্লিনিক্যাল ক্যাটেগরিতে সিনিয়র রেসিডেন্ট নিয়োগ করা হবে এই সব বিভাগে: জেনারেল মেডিসিন, জেনারেল সার্জারি, রিপ্রোডাক্টিভ মেডিসিন অ্যান্ড সার্জারি, অর্থোপেডিক্স, অপথ্যালমোলজি, ফিজিক্যাল মেডিসিন অ্যান্ড রিহ্যাবিলিটেশন, রেডিয়োলজি, রেডিওথেরাপি, আইসিইউ, এনআইসিইউ, পিআইসিইউ, পেডিয়াট্রিক্স, অ্যানিস্থেশিয়া, সাইকিয়াট্রি, চেস্ট মেডিসিন, ডার্মাটোলজি, ডেন্টাল, অ্যানিস্থেশিয়া অ্যান্ড সার্জিক্যাল সুপার স্পেশ্যালিটি, হেমাটোলজি, মেডিক্যাল অঙ্কোলজি, পেডিয়াট্রিক সার্জারি, কার্ডিওলজি।

**শূন্যপদের বিন্যাস:** মোট ৭৫টি (সাধারণ ১৮, তফসিলি জাতি ১৩, তফসিলি উপজাতি ৮, ওবিসি ২৩, আর্থিক ভাবে অনগ্রসর ১৩)।

ইন্টারভিউ ২৬ মার্চ।

নন-ক্লিনিক্যাল ক্যাটেগরিতে সিনিয়র রেসিডেন্ট নিয়োগ করা হবে এই সব বিভাগে: অ্যানাটমি, ফিজিয়োলজি, বায়োকেমিস্ট্রি, এফএমটি।

**শূন্যপদের বিন্যাস:** মোট ১১টি (সাধারণ ৪, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ওবিসি ৪, আর্থিক ভাবে অনগ্রসর ১)।

ইন্টারভিউ ২৫ মার্চ।

উভয় ক্ষেত্রেই নিয়মানুসারে দৈহিক প্রতিবন্ধীদের জন্য শূন্যপদ সংরক্ষিত হবে।

**শিক্ষাগত যোগ্যতা:** স্বীকৃত প্রতিষ্ঠান থেকে পোস্ট গ্র্যাজুয়েট ডিগ্রি (এমএস বা এমডি বা ডিএনবি)। সেই সঙ্গে সেন্ট্রাল বা স্টেট মেডিক্যাল কাউন্সিল বা ন্যাশনাল মেডিক্যাল কমিশনে প্রার্থীর নাম নথিভুক্ত থাকতে হবে।

**বয়স:** ওয়াক-ইন-ইন্টারভিউয়ের তারিখে ৪৫ (অ্যানাটমি, ফিজিয়োলজি, বায়োকেমিস্ট্রির ক্ষেত্রে ৫০) বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ওবিসি-রা ৩ এবং দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের ছাড় পাবেন।

**বেতন:** নির্দিষ্ট মাসিক ১,৪৮,৬৬৯ টাকা। সঙ্গে অন্যান্য সুযোগ-সুবিধা।

প্রার্থী বাছাই করা হবে ওয়াক-ইন-ইন্টারভিউয়ের মাধ্যমে। পরীক্ষাকেন্দ্রের ঠিকানা: ACADEMIC BLOCK, 2ND FLOOR, ESI-PGIMSR & ESIC MEDICAL COLLEGE, JOKA. রিপোর্টিংয়ের সময় সকাল সাড়ে ৯টা থেকে সাড়ে ১০টার মধ্যে।

দরখাস্ত করতে হবে নির্দিষ্ট বয়ানে। দরখাস্তের বয়ান পাবেন এই ওয়েবসাইটে: www.esic.gov.in পূরণ করবেন যথাযথ ভাবে।

দরখাস্তের ফি বাবদ দিতে হবে ৫০০ টাকা। ফি জমা দিতে হবে ডিমান্ড ড্রাফটের মাধ্যমে "ESI Fund Account No.1"-এর অনুকূলে কলকাতায়। মহিলা, তফসিলি, প্রাক্তন সমরকর্মী ও দৈহিক প্রতিবন্ধীদের কোনও ফি দিতে হবে না।

ইন্টারভিউয়ের দিন পূরণ করা আবেদনপত্র ও ভেরিফিকেশন স্লিপ, ২ কপি পাসপোর্ট মাপের ফটো এবং প্রয়োজনীয় যাবতীয় নথিপত্রের স্বপ্রত্যয়িত নকল সঙ্গে নিয়ে যাবেন। মূল নথিপত্রগুলিও সঙ্গে রাখবেন।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## ইন্ডিয়া অপ্টেলে
# জুনিয়র প্রোজেক্ট ইঞ্জিনিয়ার

বিভিন্ন শাখায় ৭৬ জন জুনিয়র প্রোজেক্ট ইঞ্জিনিয়ার নেবে ইন্ডিয়া অপ্টেল। এটি কেন্দ্রের প্রতিরক্ষা মন্ত্রকের অধীনস্থ একটি সংস্থা। প্রাথমিক ভাবে ২ বছরের চুক্তিতে নিয়োগ করা হবে। কর্তৃপক্ষ মনে করলে চুক্তির মেয়াদ সর্বাধিক ৩ বছর পর্যন্ত বৃদ্ধি পেতে পারে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: IOLHqrs/100(2)/2026-Rectt.

**শাখা অনুসারে শূন্যপদের বিন্যাস: ইলেক্ট্রিক্যাল:** ৬টি (সাধারণ ৫, ওবিসি ১)। **শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৬০ শতাংশ (তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৫০ শতাংশ) নম্বর-সহ ইলেক্ট্রিক্যাল বা ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স বা প্লান্ট মেইন্টেন্যান্স ইঞ্জিনিয়ারিংয়ে ৩ বছরের ডিপ্লোমা। সেই সঙ্গে সংশ্লিষ্ট ক্ষেত্রে ৫ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

**ইলেক্ট্রনিক্স:** ২৬টি (সাধারণ ১৩, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ১, ওবিসি ৬, আর্থিক ভাবে অনগ্রসর ২, দৈহিক প্রতিবন্ধী ১, প্রাক্তন সমরকর্মী ২)। **শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৬০ শতাংশ (তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৫০ শতাংশ) নম্বর-সহ ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন বা ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন বা ইন্ডাস্ট্রিয়াল ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশনে ৩ বছরের ডিপ্লোমা। সেই সঙ্গে সংশ্লিষ্ট ক্ষেত্রে ৫ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

**মেকানিক্যাল:** ৩৭টি (সাধারণ ১৭, তফসিলি জাতি ৬, তফসিলি উপজাতি ২, ওবিসি ৯, আর্থিক ভাবে অনগ্রসর ৩, দৈহিক প্রতিবন্ধী ১, প্রাক্তন সমরকর্মী ৩)। **শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৬০ শতাংশ (তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৫০ শতাংশ) নম্বর-সহ মেকানিক্যাল বা প্রোডাকশন বা মেকাট্রনিক্সে ৩ বছরের ডিপ্লোমা। সেই সঙ্গে সংশ্লিষ্ট ক্ষেত্রে ৫ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

**অপ্টিক্স অ্যান্ড কোটিং:** ৭টি (সাধারণ ৫, তফসিলি জাতি ১, ওবিসি ১)। **শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৬০ শতাংশ (তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৫০ শতাংশ) নম্বর-সহ বি এসসি ডিগ্রি। প্রার্থীকে অবশ্যই প্রধান বিষয় হিসেবে ফিজিক্স ও অঙ্ক পড়ে থাকতে হবে। সেই সঙ্গে সংশ্লিষ্ট ক্ষেত্রে ৫ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

**বয়স:** আবেদনের শেষ তারিখে ১৮ থেকে ৩৫ বছরের মধ্যে হতে হবে। সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

**বেতনক্রম:** ৩০,০০০-১,২০,০০০ টাকা। সঙ্গে অন্যান্য সুযোগ-সুবিধা।

শিক্ষা ক্ষেত্রে প্রাপ্ত নম্বরের ভিত্তিতে প্রাথমিক ভাবে প্রার্থীদের বাছাই করা হবে। নির্বাচিত প্রার্থীদের ইন্টারভিউয়ে ডাকা হবে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://ddpdoo.gov.in

দরখাস্ত সাবমিটের পর পূরণ করা দরখাস্তের এক কপি সিস্টেম জেনারেটেড প্রিন্ট আউট নিয়ে নেবেন। প্রয়োজনীয় নথিপত্রের স্বপ্রত্যয়িত নকল-সহ দরখাস্তের প্রিন্ট আউট স্পিড পোস্টে পৌঁছতে হবে এই ঠিকানায়: The Chairman & Managing Director, India Optel Limited, OFILDD Campus, Raipur, Dehradun, Uttrakhand-248 008.

আবেদনের শেষ তারিখ এখনও জানানো হয়নি। আগ্রহীরা নজর রাখুন উপরোক্ত ওয়াবসাইটে।

## ফল বেরল

**স্টাফ সিলেকশন কমিশন কর্তৃক আয়োজিত ‘কম্বাইন্ড হায়ার সেকেন্ডারি লেভেল এক্সামিনেশন, ২০২৫’-এর** টিয়ার-ওয়ান পরীক্ষার ফল প্রকাশিত হয়েছে এই ওয়েবসাইটে: https://ssc.gov.in সফল প্রার্থীদের এ বার টিয়ার-টুয়ের পরীক্ষা হবে। পরীক্ষার তারিখ ১০ এপ্রিল। খুঁটিনাটি জানতে দেখুন উপরোক্ত ওয়েবসাইট।




স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড-এর পক্ষে অমরেন্দ্র চক্রবর্তী কর্তৃক ২৯/১এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-১৯ থেকে প্রকাশিত ও এবিপি প্রাঃ লিঃ, মৌজা: বড়বেড়িয়া, পোঃ জগন্নাথপুর, থানা: বারাসাত, জেলা: ২৪ পরগনা (উঃ) থেকে মুদ্রিত। প্রধান সম্পাদক: অমরেন্দ্র চক্রবর্তী সম্পাদক: মহাশ্বেতা সমাজদার ফোন: ২২৮৩-২৩২০, ২২৯০-০০০৮ ফ্যাক্স: ২২৮৭-৬৪৪৮
E-mail: swarnakshar.prakasani@gmail.com Website: www.swarnakshar.in